ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



এবার সালমানের মুখোমুখি কাটাপ্পা'

পৃঃ ৫



ওয়ানডে ছাড়ার ইঙ্গিত দিলেন স্টার্ক!

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১৪৮ ● কলকাতা ● ১৮ জ্যৈষ্ঠ, ১৪৩১ ● শনিবার ● ০১ জুন, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## ২০২৪ লোকসভা ভোটে বাংলায় ভালো ফল করতে চলছে বিজেপি:পিকে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ১ জুন সপ্তম ও শেষ দফায় লোকসভা নির্বাচন ।তার দুদিন পর সামনে আসবে ফলাফল। কারও কাছে ক্ষমতা ধরে রাখার লড়াই আর কারও কাছে ছিনিয়ে নেওয়ার। লোকসভা নির্বাচন শুরুর আগে থেকেই বারংবার ফলাফলের পূর্বাভাস দিয়ে শোরগোল ফেলে দিয়েছেন পিকে। ২০২৪ লোকসভা ভোটে বাংলায় ভালো ফল করতে চলছে বিজেপি ।তার কথায়, 'এখানে দেখতে হবে ২০১৯ সালে কোন কোন এলাকায় বিজেপি বেশি আসন পেয়েছিল। ৩০৩টির মধ্যে ২৫০টিই ছিল উত্তর পশ্চিমের রাজ্যগুলি থেকে। এই রাজ্যগুলিতে ৫০টির বেশি আসনে কী হারতে পারে বিজেপি? এই সমস্ত বিষয় খতিয়ে দেখা প্রয়োজন।'এই কথা উঠে এসেছিল ভোট কুশলী প্রশান্ত কিশোর ভবিষ্যদ্বাণীতে। কখনও আবার এই মাস্টারমাইন্ড দাবি করেছিলেন বাংলায় একনম্বর দল হবে বিজেপি।

ভোটের শেষলগ্নে এসেছে এবার কোন কোন রাজ্যে এবার বিজেপি খারাপ ফল করবে, তা নিয়ে এবার পিকের মতামত প্রকাশ্যে এল। প্রশান্ত কিশোর অবশ্য আগেই জানিয়েছিলেন, বিজেপি এককভাবে ৩৭০ আসন পাচ্ছে না। তবে বিজেপি ২৭০-এর নীচেও নামবে না। পিকের কথায়,'দেশে সর্বত্র আজ দুর্নীতি। কোথায় দুর্নীতি নেই? নেতারা কোথায় মিথ্যা বলছেন না? তা সত্ত্বেও, আজ বিহারের যা পরিস্থিতি, দেশের অন্য কোনও রাজ্যে তেমন পরিস্থিতি নেই। তামিলনাড়ু, মহারাষ্ট্র, কেরলের মতো রাজ্য থেকে বিহারে এসে শ্রমিক

এরপর ৩ পাতায়

## ওয়াটার থিওরি' অনুসরণ করেই কলকাতায় খুন করা হয়েছে বাংলাদেশের সংসদ সদস্য আনোয়ারুল আজিমকে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ওয়াটার থিওরি' অনুসরণ করেই কলকাতায় খুন করা হয়েছে বাংলাদেশের সংসদ সদস্য আনোয়ারুল আজিমকে। আর তাঁর হত্যাকাণ্ডের রহস্য উদঘাটনে ১০০ শতাংশ সাফল্য এসেছে বলে ঢাকা ফিরে মন্তব্য করলেন বাংলাদেশের গোয়েন্দা প্রধান হারুন আর রশিদ। তিনি বলেন, 'আনার হত্যার ঘটনায় ডিবির ভারত সফর শতভাগ সফল হয়েছে।' ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার হত্যাকাণ্ড নিয়ে চারদিন তদন্ত শেষে কলকাতা থেকে বৃহস্পতিবার দেশে ফিরেছেন ঢাকা মহানগর পুলিশের অতিরিক্ত কমিশনার হারুন আর রশিদ ও তাঁর টিম ।হারুন জানান, ঢাকায় গ্রেপ্তার মূল ঘাতকের কাছ থেকে পাওয়া তথ্য ও কলকাতায় গ্রেপ্তার

এরপর ৩ পাতায়

## বৃহস্পতিবার রাত পর্যন্ত মোদী ধ্যানে বসার কোনও ছবিই প্রকাশ্যে আসেনি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শনিবার সন্ধ্যা পর্যন্ত বিবেকানন্দ রক মেমোরিয়ালে ধ্যান করবেন তিনি। কন্যাকুমারী পৌঁছেই মোদী চলে যান ভগবতী আম্মান মন্দিরে। এর পর তিনি যান বিবেকানন্দ রক মেমোরিয়ালে। সূত্রের খবর, সন্ধ্যা ৬টা ৪৫ মিনিটে 'ধ্যানমণ্ডপম'-এ ধ্যানে বসেন মোদী।একই আর্জি জানিয়ে কমিশনের দ্বারস্থ হয় কংগ্রেস। বুধবার কংগ্রেস নেতা রণদীপ সুরজেওয়ালা, অভিষেক মনু সিঙ্ঘভি এবং সৈয়দ নাসির হুসেন কমিশনের দফতরে যান। তিন সদস্যের প্রতিনিধি দলটির তরফে কমিশনের কাছে একটি স্মারকলিপি জমা দেওয়া হয়। কংগ্রেসেরও বক্তব্য, মোদীর ধ্যানে বসার ছবি সরাসরি সম্প্রচারিত হলে দেশে শেষ দফার ভোটের আগে কমিশনের আদর্শ আচরণবিধি লঙ্ঘিত হবে। বুধবার এই নিয়ে মোদীকে কটাক্ষ করেন মমতাও। তিনি বলেন, 'ধ্যান করবে তো ক্যামেরা নিয়ে কেন? লোকে ক্যামেরার সামনে ছবি তুলে পুজো করে?' এই আবহে কন্যাকুমারীতে ধ্যানে বসলেন মোদী। যদিও সেই ছবি প্রকাশ্যে আসেনি এখন পর্যন্ত। যদিও বৃহস্পতিবার রাত পর্যন্ত তাঁর ধ্যানে বসার কোনও ছবিই প্রকাশ্যে আসেনি। শেষ দফা ভোটের আগে মোদীর

এরপর ৩ পাতায়







# অনলাইনে স্নাতক স্তরে ছাত্র ভর্তির প্রক্রিয়া শুরু করতে চায় রাজ্য সরকার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাংলার উচ্চশিক্ষার ক্ষেত্রে অবশেষে এক বড়সড় পদক্ষেপ করতে চলেছে এ রাজ্যের ক্ষমতাসীন মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার। চলতি বছর থেকেই এ রাজ্যে চিরতরে উঠে যেতে চলেছে কলেজ ভিত্তিক ভর্তির চিরাচরিত ব্যবস্থা।নবান্ন সূত্রেও জানা গিয়েছে, আগামী ২২ জুন থেকে কেন্দ্রীয় ভাবে অনলাইনে স্নাতক স্তরে ছাত্র ভর্তির প্রক্রিয়া শুরু করতে চায় রাজ্য সরকার। ইতিমধ্যেই তার প্রস্তুতিও নিতে শুরু করছে শিক্ষা দফতর। অতীতে এ রাজ্যে কলেজে কলেজে ছাত্র ভর্তি নিয়ে বিস্তর দুর্নীতির অভিযোগে উঠেছে। বারবার অভিযোগ উঠেছে শাসকদলের ছাত্র সংগঠনের বিরুদ্ধে। এর আগেও একাধিক বার কেন্দ্রীয় ভাবে অনলাইনে ছাত্র ভর্তি করতে চাইলেও তা বাস্তবায়িত করে উঠতে পারেনি রাজ্য। কিন্তু এবার কেন্দ্রীয় ভাবে অনলাইনে ছাত্র ভর্তিতে সবুজ সঙ্কেত এসেছে নবান্নের শীর্ষ মহল থেকে। ২২ জুন এই প্রক্রিয়া চালু হলে অবশেষে স্নাতকে Online Admission'র প্রক্রিয়া শুরু হয়ে যাবে এ রাজ্যে। এর আগেই এই নীতি ২০২৩-২৪ শিক্ষাবর্ষ থেকেই কার্যকর হবে তা আগেই বিজ্ঞপ্তি দিয়ে জানিয়েছিল রাজ্য সরকার। এখন জানা যাচ্ছে, রাজ্য জুড়ে একটি মাত্র পোর্টালের মাধ্যমেই আবেদন ও ভর্তি করা হবে। একটি পোর্টালের মাধ্যমেই যে কোনও কলেজ-বিশ্ববিদ্যালয়ে স্নাতকস্তরে ভর্তির আবেদন করা যাবে। তবে আবেদন ও ভর্তির ফি কলেজ নয়, উচ্চশিক্ষা সংসদের অ্যাকাউন্টে জমা দিতে হবে। ফলে কলেজের সঙ্গে আর্থিক লেনদেনের কোনও সম্পর্ক থাকছে না। আবেদনের ভিত্তিতে নির্দিষ্ট পদ্ধতিতে ভর্তি হতে পারবে পড়ুয়ারা।পরিবর্তে লাগু হচ্ছে Online Admission। এই বছর থেকেই রাজ্যের সব সাধারণ কলেজে কেন্দ্রীয় ভাবে Online Admission'র মাধ্যমেই ভর্তির নীতি চালু হয়ে যাচ্ছে। সম্ভবত ২২ জুন থেকে সেই ভর্তি প্রক্রিয়া শুরুর সম্ভাবনা রয়েছে। এই নীতি লাগুর জেরে চলতি বছর থেকে আর কলেজগুলির হাতে ছাত্র ভর্তির মেধাতালিকা তৈরি নিয়ে কোনও ক্ষমতা থাকবে না। ফলে পিছনের দরজা দিয়ে প্রভাব কাটিয়ে বা ঘুষের বিনিময়ে কিংবা অন্য কোনও মাধ্যমে মেধাবী কাউকে ডিঙিয়ে অন্য কেউ আর ভর্তি হয়ে যেতে পারবে না। কলেজে কলেকে মনমতন বিষয় নিয়ে পড়াশোনা করা বা পছন্দের ককেজে ভর্তির ক্ষেত্রে আর দুর্নীতি বাসা বেঁধে উঠতে পারবে না। সব থেকে বড় কথা শিক্ষাক্ষেত্রে রাজনীতির দাপট অনেকটাই কমে যাবে। সূত্রে জানা গিয়েছে, ভোট মিটলেই, নির্বাচনী আচরণবিধি উঠে যাবে। আর তারপরেই প্রয়োজনীয় বিজ্ঞপ্তি দেবে রাজ্যের উচ্চ শিক্ষা দফতর।

# এখনও পরিস্থিতি উত্তপ্ত ভাঙড়ে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এখনও পরিস্থিতি উত্তপ্ত ভাঙড়ে। গোটা গ্রামে ঘিরে রেখেছে পুলিশ, সিআরপিএফ। বৃহস্পতিবার রাতে ভাঙড়ে বোমাবাজির ঘটনায় এখনও পর্যন্ত ২ জনকে গ্রেফতার করেছে পুলিশ। পুলিশ জানিয়েছে, ধৃতদের নাম শেখ মোয়াজ্জেম ও শেখ নাসিরুদ্দিন। তাঁরা দুই জনই এলাকায় আইএসএফ কর্মী বলেই পরিচিত। তাঁদের শুক্রবার কাশীপুর থানা থেকে আদালতে পেশ করা হয়।প্রসঙ্গত, বৃহস্পতিবার রাত থেকে উত্তপ্ত হয়ে ওঠে ভাঙড়। ভোগালিতে তৃণমূল ও আইএসএফের মধ্যে সংঘর্ষ হয়। তাতে আহত হয় এক শিশু-সহ ৭ জন। ঘটনার প্রেক্ষিতে তৃণমূল প্রথম থেকে অভিযোগ করছিল, তাঁরা মিছিল করে রাস্তা দিয়ে যাচিছলেন। সে সময়ে অতর্কিতে তাঁদের ওপর বোমা ছোড়ে আইএসএফ। তাতে এক তৃণমূল কর্মীর দুই পা ঝলসে যায়। আহত হন আরও বেশ কয়েকজন। আহতদের প্রথমে উদ্ধার করে জিরানগাছা ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। তবে অবস্থায় অবনতি হওয়ায় তাঁদের পিজি হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

এরপর ৩ পাতায়

# লাভা 'Yuva 5G; যুব প্রজন্মের জন্য

## নিয়ে এল পাওয়ার প্যাকড 5G অভিজ্ঞতা

- শ্রেণীতে সেরা 350k+ AnTuTu স্কোর
- স্মার্টফোনটিতে রয়েছে 50MP AI রিয়ার ক্যামেরা, 8MP সেলফি ক্যামেরা এবং পাঞ্চ হোল ডিসপ্লে
- বিক্রয়োত্তর নিরবচ্ছিন্ন পরিষেবার জন্য সারা ভারত জুড়ে ফ্রি- হোম সার্ভিস'



**কলকাতা, ৩১ মে ২০২৪: নিউজ সারাদিন :** শীর্ষস্থানীয় ভারতীয় স্মার্টফোন ব্র্যান্ড লাভা ইন্টারন্যাশনাল লিমিটেড নিয়ে এল পাওয়ার প্যাকড Yuva 5G। দুর্দান্ত গতি এবং অসাধারণ কর্মক্ষমতা প্রদানের কথা মাথায় রেখেই তৈরি করা হয়েছে এই ফোন। Yuva 5G তার বর্ধিত ব্যাটারি ব্যাকআপ, তড়িৎগতি এবং উন্নতমানের ক্যামেরা বৈশিষ্ট্য সহ যুব প্রজন্মের সারাদিনের দিনের আদর্শ সঙ্গী হয়ে উঠতে চলেছে। 9499 টাকা [64 GB] এবং 9999 টাকা [128 GB] মূল্যের দু'টি মেমরি ভেরিয়েনেট মিলবে মোবাইলটি। Yuva 5G 5 জুন, 2024 থেকে আমাজন, লাভা ই-স্টোর এবং লাভার খুচরা আউটলেট গুলিতে বিক্রয়ের জন্য উপলব্ধ হবে।

আজকের তরুণদের জন্য ডিজাইন করা Yuva 5G পাওয়া যাবে মিস্টিক ব্লু এবং মিস্টিক গ্রিন-এর মতো দু'টি চোখ ধাঁধানো রঙে। সেই সঙ্গে ম্যাট ফিনিশ এই ফোনকে দেয় মসৃণ, প্রিমিয়াম চেহারা। 'মেড ইন ইন্ডিয়া' স্মার্টফোনটিতে রয়েছে উন্নতমানের গ্লাস ব্যাক ডিজাইন, সাইড ফিঙ্গারপ্রিন্ট সেন্সর, 4GB+4GB (ভার্চুয়াল) জঅগ এবং ছবি, ভিডিও এবং বড় ফাইল সংরক্ষণে জন্য এতে রয়েছে 64/128GB UFS 2.2 ROM-এর উচ্চ-ক্ষমতার ডেটা। ল্যান্ডস্কেপ হোক বা সেলফি, 8MP সেলফি ক্যামেরা এবং 50MP AI ডুয়াল রিয়ার ক্যামেরা থাকা এই ফোনে দারুণ ছবি উঠবে। সেই সঙ্গে নিচে থাকা স্পিকার এবং টাইপ-সি USB কেবল-সহ 18W দ্রুত চার্জিং গ্রাহকদের উন্নত অভিজ্ঞতা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। লাভা Yuva 5G ফোনে ফেস আনলক-এর বৈশিষ্ট্যও রয়েছে। কোনও বিজ্ঞাপন ছাড়া, এবং কোনও ধরণের ব্লটওয়্যার ছাড়াই পরিচ্ছন্ন অ্যান্ড্রয়েড 13 পাওয়া যাবে এই মোবাইলে। সেই সঙ্গে মিলবে 2 বছরের নিশ্চিত নিরাপত্তা আপডেট এবং Android 14-G একটি আপগ্রেড। উপরন্তু, অতিরিক্ত লাভ হিসেবে গ্রাহকরা পাচ্ছেন হ্যান্ডসেটে 1 বছরের ওয়ারেন্টি এবং আনুষাঙ্গিক সরঞ্জামগুলিতে 6 মাসের ওয়ারেন্টি।

ফোন উদ্বোধন করে, লাভা ইন্টারন্যাশনাল লিমিটেডের মার্কেটিং হেড শ্রী পুরবংশ মৈত্রেয় বলেন, "গ্রাহকদের সঙ্গে পা মিলিয়ে চলাই লাভা সংস্থার ব্যবসায়িক নীতির একটি অবিচ্ছেদ্য অংশ। আমাদের নিরন্তর প্রচেষ্টা হল উদ্ভাবন, ন্যায্য মূল্য নির্ধারণ, উন্নত মানসম্পন্ন পণ্য উৎপাদন এবং পরিষেবা প্রদানের মাধ্যমে গ্রাহকদের সঠিক মূল্যে সেরা জিনিস তুলে দেওয়া। Yuva 5G তরুণদের ব্যবহারের ধরণ এবং তাদের পছন্দের উপরে নির্ভর করেই ডিজাইন করা হয়েছে। শক্তিশালী বিভিন্ন বৈশিষ্ট্য-সহ এই মোবাইল তাদের নিরবিচ্ছিন্ন অভিজ্ঞতা প্রদান করবেই, সেই সঙ্গে সম্পূর্ণ নিরাপত্তা এবং নিশ্চিত আপডেটের সুবিধা ও দেবে।"

নতুন Yuva 5G সম্পর্কে লাভা ইনটারন্যাশনাল লিমিটেডের প্রোডাক্ট হেড মিঃ সুমিত সিং বলেন, "আমাদের পণ্যের ক্ষেত্রে প্রধান যে দু'টি বিষয়ে আমরা গুরুত্ব দিই, তা হল উদ্ভাবন এবং উৎকর্ষ। আমাদের গ্রাহকদের হাতে উচ্চ-গতির পারফরম্যান্স এবং নতুন যুগের স্মার্টফোন বৈশিষ্ট্যগুলিকে সাশ্রয়ী মূল্যে তুলে দেওয়ার জন্যেই Yuva 5G তৈরি করা হয়েছে। শক্তিশালী অক্টাকোর প্রসেসর, ডুয়াল AI ক্যামেরা এবং দ্রুত চার্জিং-সহ নতুন Yuva 5G নিজের শ্রেণীতে সেরা প্রযুক্তি এবং সৃজনশীলতার নয়া মানদণ্ড তৈরি করতে চলেছে।"

UNISOC T750 5G অক্টাকোর প্রসেসর দ্বারা চালিত Yuva 5G নিজের শ্রেণীতে প্রথম 350k+ এর অহঞ্ঁঞ্ঁ স্কোর-সহ অতুলনীয় পারফরম্যান্স দেয়। এতে রয়েছে দীর্ঘস্থায়ী 5000 mAh ব্যাটারি, 18W টাইপ-সি ফাস্ট চার্জার। এর 90Hz 16.55cm (6.5") HD+ পাঞ্চ হোল ডিসপ্লে মোবাইল দেখার অভিজ্ঞতা আরও উন্নত করে।

বাড়িতেই বিনামূল্যে পরিষেবা

বিরামহীন বিক্রয়োত্তর পরিষেবার জন্য ভারতের যে কোনও প্রান্ত থেকে LAVA-এর 'ফ্রি সার্ভিস অ্যাট হোম'-এর সুবিধা নিন। আপনি অনুরোধ জানালেই খঅঠঅ-র টেকনিশিয়ান/ইঞ্জিনিয়ার আপনাকে সাহায্য করার জন্য দোরগোড়ায় হাজির হবেন। (গ্রাহকরা ফোনের ওয়ারেন্টির মেয়াদের মধ্যে পরিষেবাটি পাবেন)।

বাড়িতে পরিষেবা পেতে, এখানে ক্লিক করুন: https://www.lavamobiles.com/lava_service_at_home/

**মূল্য ও উপলব্ধতা:**

মডেল : 4+4*GB/64GB, মূল্য : 9499 টাকা, উপলব্ধতা : 5 জুন, 2024, প্ল্যাটফর্ম : • আমাজন, • লাভা ই-স্টোর, • লাভা রিটেল নেটওয়ার্কমডেল : 4+4*GB/128GB, মূল্য : 9999 টাকা, উপলব্ধতা : 5 জুন, *2024*, প্ল্যাটফর্ম : • আমাজন, • লাভা ই-স্টোর, • লাভা রিটেল নেটওয়ার্ক

বৈশিষ্ট্য তালিকা: YUVA 5G : **মূল বৈশিষ্ট্যসমূহ :** তড়িৎগতির পারফরম্যান্স UNISOC T750 5G Processor (ভারতে প্রথম), 16.58 cm (6.528") 90Hz পাঞ্চ হোল ডিসপ্লে, 4GB+4GB* RAM I 64/128GB UFS 2.2 মেমোরি, 50MP AI রিয়ার ক্যামেরা ও 8MP সেলফি ক্যামেরা, 5000mAh ব্যাটারি, সঙ্গে টাইপ-সি পোর্ট ও 18W দ্রুত চার্জিং, সাধারণ বৈশিষ্ট্য : ফর্ম : ডুয়াল সিম (5G + 5G), ন্যানো + ন্যানো, সিম : হ্যাঁ, টাচ স্ক্রিন : জিমেল, কল ফিচার্স : কল সংযোগে ভাইব্রেশন, কনফারেন্স কল, বেনামি ও স্বয়ংক্রিয় কল রেকর্ডিং, হ্যান্টসেটের রঙ : মিস্টিক গ্রিন ও মিস্টিক ব্লু, বিক্রয় প্যাকেজে থাকবে : হ্যান্ডসেট, ইউএসবি কেবল টাইপ-সি, চার্জার, সিম ইজেক্টর পিন, ব্যাক কভার, প্ল্যাটফর্ম : অপারেটিং ফ্রিকোয়েন্সি : GSM: 850MHz, 900MHz, 1800MHz, 1900MHz WCDMA: 900MHz, 2100MHz, 4G VoLTE: LTE Band FDD 1\3\5\8\28\TDD 40\41, 5G: n1/n3/n5/n8/n28/n40/n77/n78 SA/NSA, cÖ‡mmi : UNISOC T750 5G অক্টাকোর প্রসেসর ওএস : AndroidTM 13, ইউজার ইনটারফেস : GSM: 850MHz, 900MHz, 1800MHz, 1900MHz, ডিসপ্লে : আকার : 16.58cm (6.528") পাঞ্চ হোল, HD+ IPS ডিসপ্লে, 90Hz রিফ্রেশ রেট-সহ 2.5D কার্ভড স্ক্রিন রিফ্রেশ রেট : 90Hz, রেজোলিউশন : 720*1600, পিপিআই : 269, রঙ : 16 M, ক্যামেরা : মূল ক্যামেরা (পিছনের ক্যামেরা) : 50MP+2 MP ক্যামেরা ও LED ফ্ল্যাশ, দ্বিতীয় ক্যামেরা (সামনের ক্যামেরা) : 8MP ও স্ক্রিন ফ্ল্যাশ, ফ্ল্যাশ : হ্যাঁ, দুই ক্যামেরাতেই (সামনের ফ্ল্যাশ - স্ক্রিন), ভিডিয়ে রেকর্ডিং : হ্যাঁ, এইচডি রেকর্ডিং : হ্যাঁ, অন্যান্য ক্যামেরা বৈশিষ্ট্য : পোর্ট্রেট, স্লো মোশন, টাইমল্যাপস্, অডিয়ো নোট, মোশন ফটো, আল্ট্রা রেজোলিউশন, বিউটি, এইচডিআর, নাইট, এআই, প্রো, প্যানোরামা, ফিল্টার, ইন্টেলিজেন্ট স্ক্যানিং, মেমোরি : RAM, 4GB+4GB*, অন্তর্গত মেমোরি : 64/128GB, বর্ধিত মেমোরি : 1TB , আকৃতি : আকার : 163.36*76.16*9.1 mm, ব্যাটারি-সহ ওজন : 208 গ্রাম, ব্যাটারি : ধরণ : 5000mAh (টিপিক্যাল) Li-Polymer ব্যাটারি, চার্জ : 18W চার্জার, টাইপ-সি কেবল, ইন্টারনেট ও সংযোগ, ইন্টারনেট বৈশিষ্ট্য : গুগল প্লে স্টোর, জিমেল, ইউটিউব, গুগল, গুগল অ্যাসিস্ট্যান্ট, ম্যাপস্, ফাইলস্, ফেসবুক , নেভিগেশন : হ্যাঁ, প্রিইনস্টলড ব্রাউজার : হ্যাঁ, গুগল ক্রোম, জিপিআরএস : হ্যাঁ, EDGE : হ্যাঁ, 3G : হ্যাঁ, 4G : হ্যাঁ, 5G : হ্যাঁ, ওয়াইফাই : Wi-Fi 802.11 b/g/n/ac হটস্পট , ইউএসবি সংযোগ : টাইপ-সি, গ্লোনাস : হ্যাঁ, ব্লুটুথ : V5.0

# বিজেপি প্রার্থী অভিজিৎ গঙ্গোপাধ্যায় বলেন, "আইপ্যাকের ছেলেরাই এসেছিল এলাকার গন্ডগোল করতে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সন্দেশখালি : সোমবার তৃতীয়বার শেখ শাহজাহানকে তলব করেছে ইডি। তাঁর বিরুদ্ধে আগেই জারি করা হয়েছে লুক আউট নোটিস। সোমবারও ইডি দফতরে হাজিরা না দিলে এবার কি সোজাসুজি তাঁর বিরুদ্ধে কড়া পদক্ষেপ নিতে চলেছে ইডি ? নাকি তাঁকে চতুর্থবারের জন্য নোটিস

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কাতারে বন্দি আট জন নৌ সৈনিককে মুক্তি দেওয়া হয়েছে। তাঁদের মৃত্যুদণ্ড দিয়েছিল কাতারের

এরপর ৩ পাতায়







## বিশ্ব তামাক বিরোধী দিবস ২০২৪

**নয়াদিল্লি, ৩১ মে, ২০২৪ : নিউজ সারাদিন :** ভারত সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক আজ বিশ্ব তামাক বিরোধী দিবস উদযাপন করলো। এ বছরের থিম হলো 'তামাক শিল্পের হস্তক্ষেপ থেকে শিশুদের রক্ষা করা।' তামাক সেবনে ক্ষতিকারক প্রভাব থেকে যুব সম্প্রদায়কে রক্ষা করার জরুরি প্রয়োজনের দিকে তাকিয়ে বিষয়টিকে তুলে ধরা হয়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব শ্রী অপূর্ব চন্দ্র তামাক ব্যবহারের ভয়াবহ ক্ষতিকারক প্রভাবের ওপর আলোকপাত করে ভিডিও বার্তার মাধ্যমে ওই অনুষ্ঠানে ভাষণ দেন। সরকারের সক্রিয় ভূমিকার ওপর আলোকপাত করে তিনি বলেন, স্থানীয়, জাতীয়, আঞ্চলিক এমনকি বিশ্বস্তরে ধূমপান এবং তামাকজাত দ্রব্যের ক্ষতিকারক প্রভাব কমিয়ে আনতে বিভিন্ন সক্রিয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। জনস্বাস্থ্যের দিকে তাকিয়ে এই উদ্যোগ নেওয়া হয়েছে বলে তিনি জানান। তাঁর ভাষণটি ইউটিউবে পাওয়া যাবে।

তামাকের ক্ষতিকারক প্রভাব থেকে অর্থনীতি, পরিবেশ এবং সামাজিক ক্ষেত্রে বর্তমান এবং আগামী প্রজন্মকে রক্ষা করতে ভারতের অবিচল দায়বদ্ধতার কথা তুলে ধরেছেন তিনি। তামাক নিয়ন্ত্রণ নিয়ে বিশ্ব স্বাস্থ্য সংগঠনের নির্দেশিকা ভারত কঠোরভাবে রূপায়ণ করছে। এক্ষেত্রে নজরদারি এবং পরিচালনগত ব্যবস্থার ফলে সদর্থক ফলও পাওয়া যাচ্ছে বলে তিনি জানান। এক্ষেত্রে ভারতের জাতীয় তামাক নিয়ন্ত্রণ আইন ২০০৩ উল্লেখ করে তিনি বলেন, তামাক নিয়ন্ত্রণে ২০২৪-এ নানা ব্যবস্থা নেওয়া হয়েছে। দেশ জুড়ে জনসচেতনতা কর্মসূচিকে জোরদার করা হয়েছে। এর পাশাপাশি তামাকের প্রভাব মুক্ত শিক্ষা প্রতিষ্ঠান এমনকি তামাক মুক্ত গ্রাম গড়ে তোলার কাজ চলছে।

শিশু এবং যুবদের তামাকের বিষময় প্রভাব থেকে মুক্ত করতে ব্যাটমিন্টন তারকা পি ভি সিন্ধুকে তামাক বিরোধী দিবসে ব্র্যান্ড অ্যাম্বাসেডর করা হয়েছে। ভিডিও বার্তায় সিন্ধু, তামাকের বিরুদ্ধে সোচ্চার প্রতিরোধ গড়ে তুলতে

এরপর ৪ পাতায়

১-ম পাতার পর

## ওয়াটার থিওরি' অনুসরণ করেই কলকাতায় খুন করা হয়েছে বাংলাদেশের সংসদ সদস্য আনোয়ারুল আজিমকে

জিহাদের সঙ্গে মিলিয়ে নেওয়ার চেষ্টা করেছেন তাঁরা। দুই ঘাতকের কথায় শতভাগ মিল পাওয়া গেছে। এমপি আনার যে বাসায় ছিলেন, সেই গোপালবাবুর সঙ্গেও কথা বলেছেন। আনোয়ারুল হত্যার অন্যতম দুই আসামি ফয়জুল ওরফে সিয়াম ও আখতারুজ্জামান শাহিন পলাতক রয়েছে। সিয়াম নেপালে ও শাহিন পালিয়েছে যুক্তরাষ্ট্রে। তাদের ধরতে নেপাল ও ভারত সরকারের কাছে সাহায্য চাওয়া হয়েছে। হারুন বলেন, "আমাদের কাজ ছিল আসামিদের কাছ থেকে প্রাপ্ত তথ্য কলকাতা পুলিশকে শেয়ার করা এবং তাদের কাজে সহযোগিতা করা। আমরা মনে করি, তাদের সহযোগিতা করতে পেরেছি।" ডিবি প্রধান জানান, "কলকাতা পুলিশের সঙ্গে যে হৃদ্যতা, সৌহার্দ্যপূর্ণ ও পারস্পরিক সম্পর্ক তৈরি হয়েছে, আগামী দিনগুলোতে কোন অপরাধী বাংলাদেশ থেকে অপরাধ করে কলকাতাকে স্বর্গীয় আশ্রয় বলে মনে করলে, সেটা আর সম্ভব হবে না।"গোয়েন্দা প্রধানের কথায়, "হত্যাকাণ্ডের যৌথ তদন্ত সফল হয়েছে। আনার হত্যার 'মূল পরিকল্পনাকারী' আক্তারুজ্জামান শাহিনকে যুক্তরাষ্ট্রে থেকে ফিরিয়ে আনতে ভারতের সাহায্য চাওয়া হয়েছে। এছাড়া নিউটাউনের সঞ্জীবা গার্ডেনের সেপটিক ট্যাংক থেকে উদ্ধার হওয়া মাংসের খণ্ডাংশগুলো আনারের বলে মনে করা হচ্ছে।"

বৃহস্পতিবার কলকাতা থেকে ঢাকার শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে নেমে সাংবাদিকদের মুখোমুখি হন গোয়েন্দা প্রধান। বাংলাদেশের সাংসদ আনোয়ারুল আজিম হত্যার অন্যতম আসামি ফাইজুল ওরফে সিয়াম নেপালে আত্মগোপন করেছে জানিয়ে তিনি বলেন, "তাঁকে শিগগিরই গ্রেপ্তারের চেষ্টা করা হচ্ছে। এছাড়া এই হত্যাকাণ্ডের মূল পরিকল্পনাকারী আক্তারুজ্জামান শাহিন যুক্তরাষ্ট্রে আছে। তাকে ধরতে ভারত সরকারের সাহায্য চাওয়া হয়েছে। আনোয়ারুলকে গত ১৩ মে কলকাতার মাটিতে হত্যা করা হয়েছে। এ সংক্রান্ত বাংলাদেশের পাশাপাশি কলকাতায়ও একটি হত্যা মামলা করা হয়েছে। ইতিমধ্যে তিনজন গ্রেপ্তার রয়েছে। মূল ঘাতক হলো আমানুল্লাহ ওরফে শিমুল ভূঁইয়া। হত্যার পরিকল্পনা হয়েছে বাংলাদেশে আর সংঘটিত হয়েছে কলকাতায়।"তিনি বলেন, মামলায় ভুক্তভোগীর মরদেহ বা মরদেহের অংশবিশেষ না পাওয়া গেলে তদন্তকারী কর্মকর্তার পোস্টমর্টেম রিপোর্ট, ভিসেরা ও মেডিক্যাল রিপোর্ট দিতে বেগ পেতে হয়। গোয়েন্দা প্রধানের কথায়, "এগুলি না পাওয়া গেলে মামলাটি নিষ্পত্তি করাও অনেক কঠিন হয়ে যায়। আমরা সেখানে গিয়ে আমাদের হাতে গ্রেপ্তার আসামিদের তথ্য ক্রসচেক করেছি। এছাড়া কলকাতায় গ্রেপ্তার আসামির তথ্য যাচাই-বাছাই করেছি। কলকাতা সিআইডি-কে সঙ্গে নিয়ে আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি এবং আসামিদের কাছ থেকে পাওয়া তথ্য মেলানোর চেষ্টা করেছি। সুয়ারেজ লাইন ও সেপটিক ট্যাঙ্ক ভেঙে সেখান থেকে এমপি আনারের মরদেহের খণ্ডাংশ উদ্ধার করা হয়েছে। ভারতীয় পুলিশ ফরেনসিক এবং ডিএনএ পরীক্ষা করে এ বিষয়ে জানাবে।" তদন্তের স্বার্থে ডিএনএ পরীক্ষার জন্য যে কোনও সময় কলকাতায় যেতে প্রস্তুত সাংসদকন্যা ডরিন। কলকাতা যাবার জন্য সম্ভবত তিনি ভিসাও পেয়ে গেছেন।

১-ম পাতার পর

# বৃহস্পতিবার রাত পর্যন্ত মোদী ধ্যানে বসার কোনও ছবিই প্রকাশ্যে আসেনি

এই ধ্যান নিয়ে সরব হয়েছে সিপিএম এবং কংগ্রেস। প্রধানমন্ত্রীর ধ্যানমগ্ন হওয়ার ছবি যাতে টেলিভিশনে সম্প্রচারিত না হয়, সেই বিষয়ে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে তারা। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও প্রশ্ন তুলেছেন ছবি প্রসঙ্গে। সে কারণেই কি কন্যাকুমারীতে ধ্যানমগ্ন মোদীর কোনও ছবিই প্রকাশ্যে আসেনি? উঠছে প্রশ্ন। বৃহস্পতিবার বিকেল সাড়ে ৫টা নাগাদ কন্যাকুমারীতে নামে মোদীর হেলিকপ্টার। এর পর তাঁর কনভয় পৌঁছয় ভগবতী আম্মান মন্দিরে। তাঁর পরনে ছিল সাদা ধুতি এবং সাদা চাদর। দক্ষিণ ভারতীয় কায়দায় লুঙ্গির মতো করে সেই সাদা ধুতি পরেছিলেন তিনি। এর পর মন্দিরে বিগ্রহ প্রদক্ষিণ করেন। প্রদীপের তাপ নেন। তাঁর হাতে তুলে দেওয়া হয় ভগবতী আম্মানের বিগ্রহের একটি ছবি। সেটি তুলে দেন পুরোহিতেরা।এর পর তিনি যান কন্যাকুমারী রক মেমোরিয়ালে। পরনে তখন সাদা শার্ট, সাদা ধুতি, গলায় উত্তরীয়। রক মেমোরিয়ালে তিনি রামকৃষ্ণ, সারদা দেবী এবং বিবেকানন্দের ছবি ও মূর্তিতে প্রণাম করেন। সেই ছবি দেখা গিয়েছে। তবে তার পর আরও কোনও ছবি এই প্রতিবেদন লেখা পর্যন্ত প্রকাশ্যে আসেনি। সূত্রের খবর, প্রায় ৪৫ ঘণ্টা ধ্যান করবেন মোদী। খাবেন তরল খাবার। যেমন ডাবের জল, আঙুরের রস-সহ অন্য ফলের রস। এই সময়কালে তিনি কথা বলবেন না। 'মৌন ব্রত' পালন করবেন। ধ্যানকক্ষ থেকে বাইরেও আসবেন না।আগামী ১ জুন, শনিবার লোকসভা নির্বাচনের শেষ দফার ভোটগ্রহণ। আট রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের ৫৭টি আসনে ভোটগ্রহণ ওই দিন। ওই দফাতেই ভোট রয়েছে মোদীর কেন্দ্র বারাণসীতে। ৪ জুন ভোটগণনা। শেষ দফার ভোটের জন্য প্রচার শেষ হয়েছে বৃহস্পতিবার বিকেল ৫টায়। তার পরেই কন্যাকুমারী পৌঁছে যান মোদী। প্রধানমন্ত্রীর দফতর সূত্রে খবর ছিল, ৩০ মে সন্ধ্যা থেকে ১ জুন সন্ধ্যা পর্যন্ত দু'দিন বিবেকানন্দ রক মেমোরিয়ালে ধ্যান করতে চলেছেন মোদী। সে কারণে সৈকতে জারি করা হয়েছে নিরাপত্তা। শনিবার পর্যন্ত সেখানে যেতে পারবেন না পর্যটকেরা। সাগরে কোনও বেসরকারি নৌকা চলবে না। কন্যাকুমারী জেলায় মোতায়েন করা হয়েছে ২,০০০ পুলিশ কর্মী।এর আগে দু'বার লোকসভা নির্বাচনের প্রচার শেষেও আধ্যাত্মিক সফরে বেরিয়েছিলেন মোদী। ২০১৯ সালের লোকসভা ভোটের প্রচার শেষে গিয়েছিলেন কেদারনাথ। ২০১৪ সালে গিয়েছিলেন মহারাষ্ট্রের শিবাজির প্রতাপগড় দুর্গে। সারা দেশ ঘুরে তামিলনাড়ুর কন্যাকুমারীতে এসেছিলেন বিবেকানন্দ। মূল ভূখণ্ড থেকে ৫০০ মিটার দূরে একটি শিলায় বসে তিন দিন ধ্যান করেছিলেন তিনি। সেখানেই বঙ্গোপসাগর, ভারত মহাসাগর, আরব সাগরের মিলন হয়েছে। মনে করা হয়, সেখানেই আলোকপ্রাপ্ত হন বিবেকানন্দ। হিন্দু ধর্মে কথিত, যেখানে শিবের জন্য তপস্যা করেছিলেন পার্বতী, সেখানেই রয়েছে ওই শিলা। ওই শিলার উপর নাকি পার্বতীর পায়ের চিহ্নও রয়েছে। সেই শিলাই 'ধ্যানমণ্ডপম'-এ ধ্যানে বসছেন মোদী।প্রধানমন্ত্রীর ধ্যানমগ্ন হওয়ার ছবি যাতে টেলিভিশনে সম্প্রচারিত না হয়, সেই বিষয়ে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে সিপিএম এবং কংগ্রেস। বুধবার তামিলনাড়ু সিপিএমের রাজ্য সম্পাদক কে বালকৃষ্ণণ দেশের মুখ্য নির্বাচন কমিশনারকে একটি চিঠি দেন। সেই চিঠিতে সিপিএম নেতা লেখেন যে, মোদী ব্যক্তিগত ভাবে কোথাও ধ্যানে বসতেই পারেন। কিন্তু প্রধানমন্ত্রীর ধ্যানমগ্ন হওয়ার ঘটনা প্রচারমাধ্যমে সরাসরি সম্প্রচার করা হলে সপ্তম দফার ভোটে তা নির্দিষ্ট একটি দল (বিজেপি)-কে বিশেষ সুবিধা পাইয়ে দেবে। কমিশনের আদর্শ আচরণবিধি যাতে ভঙ্গ না হয়, সেই কারণে এই সম্প্রচার বন্ধ রাখার আর্জি জানিয়েছেন বালকৃষ্ণণ।

## ভারতীয় আবহাওয়া দপ্তর দিল্লির তাপমাত্রার তথ্য প্রকাশ করেছে

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারতীয় আবহাওয়া দপ্তর দিল্লির তাপমাত্রা সংক্রান্ত তথ্য প্রকাশ করেছে। ২০২২ থেকে অটোমেটিক ওয়েদার স্টেশন (এডব্লিউএস) নেটওয়ার্ক চালু হয়। তারই ভিত্তিতে দিল্লি এবং সংলগ্ন অঞ্চলের ১৫টি নতুন জায়গার তাপমাত্রা এবং বৃষ্টিপাত সংক্রান্ত তথ্য প্রকাশ করা হয়েছে। আবহাওয়া দপ্তর অনুযায়ী, ২৯ মে, ২০২৪ (আজ) পাঁচটি বিভাগীয় পর্যবেক্ষণাগার (সফদরজং, পালাম, আয়ানগর, রিজ এবং লোদি রোড) এবং ১৫টি এডব্লিউএস থেকে প্রাপ্ত তথ্য প্রকাশ করা হয়েছে। শহরের বিভিন্ন এলাকায় সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৪৫.২ ডিগ্রি থেকে ৪৯.১ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে। অন্যান্য কেন্দ্রের তুলনায় মুঙ্গেশপুরে ৫২.৯ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা পরিলক্ষিত হয়। তবে, স্থানীয় কোন কারণ অথবা যান্ত্রিক ত্রুটি কিনা, বিষয়টি খতিয়ে দেখছে আবহাওয়া দপ্তর।

দিল্লিতে ২৯ মে, ২০২৪ অর্থাৎ আজ, গতকালের তুলনায় সর্বোচ্চ তাপমাত্রা কিছুটা কমই ছিল। দুপুরে কয়েকটি জায়গায় বৃষ্টি হওয়ায় তাপমাত্রা আরও কমে। আগামী ২-৩ দিন তাপপ্রবাহ পরিস্থিতি আরও কমবে। এইসঙ্গে পশ্চিমী ঝঞ্ঝা, বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি এবং আরব সাগর থেকে দক্ষিণ-পশ্চিম বায়ু উত্তর-পশ্চিম ভারতের দিকে এগোনোয় তাপমাত্রা হ্রাস পাবে।

শহরাঞ্চলে তাপমাত্রার কম-বেশি হয় সাধারণত স্থানীয় কোন কোন কারণে যেমন, জলাভূমি, উষর জমি, কংক্রিট এবং ঘন বসতি ইত্যাদি।

দীর্ঘদিন ধরেই আবহাওয়া দপ্তর পাঁচটি প্রধান কেন্দ্র থেকে নিয়মিত পর্যবেক্ষণের ফলাফল জানিয়ে থাকে। আবহাওয়া দপ্তরের এই পাঁচটি বিভাগীয় পর্যবেক্ষণাগার থেকে পাওয়া দীর্ঘকালীন তথ্যের ভিত্তিতে এই অঞ্চলের তাপমাত্রার গতিপ্রকৃতির একটা ধারণা মেলে।

## জলশক্তি মন্ত্রক মাস কমিউনিকেশন ইন্টার্নশিপ কর্মসূচি ঘোষণা করেছে

**নয়াদিল্লি, ৩১ মে, ২০২৪ : নিউজ সারাদিন :** জলশক্তি মন্ত্রকের আওতায় জল সম্পদ, নদী উন্নয়ন দপ্তর এবং গঙ্গা পুনরুজ্জীবন দপ্তর মাস কমিউনিকেশন ইন্টার্নশিপ কর্মসূচি ঘোষণা করেছে। বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং ভারতে মাস কমিউনিকেশনের বিভিন্ন প্রতিষ্ঠানে গবেষণারত স্কলার এবং স্নাতক ও

এরপর ৪ পাতায়

১-ম পাতার পর

## ২০২৪ লোকসভা ভোটে বাংলায় ভালো ফল করতে চলছে বিজেপি:পিকে

হিসেবে কাজ করছেন কেউ? কিন্তু এখানে বিহারের মানুষ পশুর মতো ট্রেনে বোঝাই হয়ে কাজ করতে যাচ্ছে।" স্পষ্ট করেই প্রশান্ত কিশোর জানিয়েছেন, বিজেপি ৩৭০ আসন হয়ত পাবে না, ২৭০ আসনের কমও হবে না। উল্লেখ্য, ২০১৯ সালে ৩০৩টি আসন পেয়ে ক্ষমতায় এসেছিল গেরুয়া শিবির। এবারও তার আশপাশেই থাকতে পারে বলে মত পিকের। ভোট কুশলীর মতে, পূর্ব এবং দক্ষিণের রাজ্যগুলি যেমন, বিহার, তামিলনাড়ু, তেলঙ্গানা, কেরালা, ওড়িশা, বাংলা এবং অন্ধ্র প্রদেশে বিজেপির কাছে ৫০টি আসন রয়েছে। এর মধ্যে কয়েকটি রাজ্যে বিজেপির আসন সংখ্যা বাড়ার সম্ভাবনা রয়েছে।

### শেষ তথা সপ্তম দফার লোকসভা নির্বাচন আজ

**নয়াদিল্লি, ৩১ মে, ২০২৪ : নিউজ সারাদিন :** শেষ তথা সপ্তম দফার লোকসভা নির্বাচন নির্বিঘ্নে সম্পন্ন করতে নির্বাচন কমিশনের প্রস্তুতি তুঙ্গে। দেশের রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে ৫৭টি লোকসভা কেন্দ্রে আগামীকাল ভোট নেওয়া হবে। এইসব রাজ্যগুলির মধ্যে রয়েছে বিহার, চণ্ডীগড়, হিমাচলপ্রদেশ, ঝাড়খণ্ড, ওড়িশা, পাঞ্জাব, উত্তরপ্রদেশ এবং পশ্চিমবঙ্গ। সেই সঙ্গে ওড়িশার বিধানসভা নির্বাচনে অবশিষ্ট ৪২টি কেন্দ্রেও আগামীকাল ভোট। গত মাসের ১৯ তারিখ শুরুর দিন থেকে দেশের বৃহত্তম গণতন্ত্রে লোকসভা নির্বাচনে ৬ দফায় এ পর্যন্ত ৪৮৬টি কেন্দ্রে ভোট নেওয়া হয়েছে। ২৮টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে এই ভোট গ্রহণ প্রক্রিয়া ছিল শান্তিপূর্ণ। আগামী ৪ জুন ভোট গণনা।

ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে নির্বাচনী সামগ্রী সহ ভোটকর্মীদের পাঠানো হয়েছে। স্বচ্ছন্দে এবং সুরক্ষিত বাতাবরণের মধ্যে যাতে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয় তা নিশ্চিত করতে ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে পানীয় জল, শৌচালয়, মাথার ওপর ছাউনি সহ ন্যূনতম সুবিধার বন্দোবস্ত করা হয়েছে। সংশ্লিষ্ট মুখ্য নির্বাচনী আধিকারিক সহ রাজ্য প্রশাসনকে গরম এবং বর্ষার দিকে তাকিয়ে যাবতীয় বন্দোবস্ত করতে বলা হয়েছে। তাপপ্রবাহ সত্ত্বেও বিগত ভোটগ্রহণ পর্বগুলিতে বিপুল সংখ্যক ভোটদাতা ভোট দিয়েছেন। শেষ দুটি পর্বে পুরুষ ভোটারের থেকে মহিলা ভোটদাতার সংখ্যা ছিল বেশি। দায়িত্ব সহকারে ভোট দিতে নির্বাচন কমিশন ভোটারদের আহ্বান জানিয়েছেন। নির্বাচনে বেশি সংখ্যক মানুষ যাতে ভোট দিয়ে তাদের নাগরিক দায়িত্ব ও কর্তব্য সম্পন্ন করেন সেইজন্য

এরপর ৪ পাতায়

২ পাতার পর

## এখনও পরিস্থিতি উত্তপ্ত ভাঙড়ে

গোটা ঘটনায় আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকির গ্রেফতারির দাবি তুলেছেন ক্যানিং পূর্বের বিধায়ক শওকত মোল্লা। তাঁর অভিযোগ, "রাজনৈতিকভাবে না পেরে পঞ্চায়েতে নির্বাচনের মতো সন্ত্রাস তৈরি করছে নওশাদ সিদ্দিকি। ভোটের শেষ দফায় ভাঙড়ে নির্বাচন। বিশেষ সতর্কতায় বেশি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করেছে কমিশন। তারপরও তপ্ত হল ভাঙড়ের মাটি।আহত পাঁচ জন আশঙ্কাজনক অবস্থায় পিজি হাসপাতালে চিকিৎসাধীন। বৃহস্পতিবারের ঘটনার পর সকাল থেকে নতুন করে উত্তেজনা ছড়ায় এলাকায়। গ্রামের মহিলারা কিছুটা বিক্ষোভ দেখান। তবে পরিস্থিতি আগেভাগেই সামলে নেয় সিআরপিএফ।

২ পাতার পর

## বিজেপি প্রার্থী অভিজিৎ গঙ্গোপাধ্যায় বলেন, "আইপ্যাকের ছেলেরাই এসেছিল এলাকার গন্ডগোল করতে

আদালত। সেই নির্দেশ নিয়ে দীর্ঘ দিন ধরে টানাপড়েন চলেছে। সোমবার ভারতের বিদেশ মন্ত্রক জানিয়েছে, ওই আট জনকে ছেড়ে দেওয়া হয়েছে।কাতারে মৃত্যুদণ্ড পাওয়া ওই আট আধিকারিক হলেন, ক্যাপ্টেন নভতেজ সিংহ গিল, ক্যাপ্টেন বীরেন্দ্র কুমার বর্মা, ক্যাপ্টেন সৌরভ বশিষ্ঠ, কমান্ডার অমিত নাগপাল, কমান্ডার পূর্ণেন্দু তিওয়ারি, কমান্ডার সুগুণাকর পাকালা, কমান্ডার সঞ্জীব গুপ্ত এবং নাবিক রাজেশ।

তাঁদের মধ্যে সাত জন ইতিমধ্যে দেশে ফিরেও এসেছেন। কাতারের এই সিদ্ধান্ত ভারতের পক্ষে কূটনৈতিক জয় হিসাবে দেখা হচ্ছে। সোমবার বিদেশ মন্ত্রকের তরফে একটি বিবৃতি জারি করে বলা হয়েছে, "কাতারের সংস্থায় কর্মরত আট প্রাক্তন নৌ সেনা আধিকারিককে মুক্তি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে কাতার। আমরা এই সিদ্ধান্তকে স্বাগত জানাচ্ছি। ওঁদের মধ্যে সাত জন ইতিমধ্যে দেশে ফিরেছেন।" গত ডিসেম্বরে ভারতীয় নৌ সৈনিকদের মৃত্যুদণ্ডের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করেছিল কাতারের আদালত। সাজা কমিয়ে তাঁদের কারাবাসের নির্দেশ দেওয়া হয়েছিল। ভারত সরকারের তরফে কাতারের আদালতে আনুষ্ঠানিক ভাবে সাজা পুনর্বিবেচনার আর্জি জানানো হয়। তার পরেই ওই আধিকারিকদের মুক্তির সিদ্ধান্ত নেয় কাতার।সাত আধিকারিক দিল্লিতে ফিরেছেন এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে এ বিষয়ে হস্তক্ষেপের জন্য ধন্যবাদ জানিয়েছেন। তাঁরা বলেন, "প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ ছাড়া আজ আমাদের পক্ষে এখানে দাঁড়িয়ে থাকা সম্ভব হত না। ভারত সরকারের ক্রমাগত চেষ্টার কারণেই এটা সম্ভব হয়েছে।




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১৪৮ সংখ্যা ০১ জুন, ২০২৪ শনিবার ১৮ জ্যৈষ্ঠ, ১৪৩১

## বুদ্ধিজীবীরা কি আবার মমতার পাশে

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** হিন্দু-মুসলিম জনসংখ্যা নিয়ে বিজেপি ক্রমাগত যে মিথ্যে তথ্য এবং ভুল পরিসংখ্যান দিয়ে জনমতকে প্রভাবিত করতে চাইছে আমরা সেই বিষয়ে সচেতন নাগরিকদের সতর্ক থাকতে বলছি। আসলে এই সবই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মেরুকরণের প্রচেষ্টার আরেকটা রূপ। দেশ বাঁচাও গণমঞ্চ মনে করে বিজেপিকে হারাতে হলে সব বিরোধী ভোটকে এক জায়গায় নিয়ে আসতে হবে।ভোট যেভাবে যেভাবে এগিয়েছে এবং যেভাবে আমজনতার মধ্যে ভোটদানের প্রবণতা বদলে গিয়েছে, আমরা সেই বিষয়টিও শেষ দফার ভোটগ্রহণের আগে সবাইকে মনে করিয়ে দিতে চাই। বৃহস্পতিবার কলকাতা প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলন থেকে এই বার্তাই দেন বুদ্ধিজীবীদের পক্ষে প্রতুল মুখোপাধ্যায়, কবি শঙ্খ ঘোষ, সৈকত মিত্র, পূর্ণেন্দু বসু, রন্তি দেব সেনগুপ্ত সহ অন্যান্য বুদ্ধিজীবীরা।তাই যে রাজ্যে যে শক্তিশালী, তাদেরকেই ভোট দিতে হবে। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে তৃণমূলই বিজেপিকে হারানোর জন্য সবচেয়ে উপযুক্ত দল। তাই তাদেরকেই ভোট দিতে আমরা ভোটারদের আবেদন জানাচ্ছি। পশ্চিমবঙ্গের বিজেপি বিরোধী ভোটাররা যেন অন্য কোনও রাজনৈতিক শক্তিকে মানে কংগ্রেসকে বা সিপিএমকে ভোট দিয়ে নিজেদের ভোট নষ্ট না করে।নির্বাচন কমিশন যেন সুষ্ঠুভাবে, নিরপেক্ষভাবে নির্বাচন পরিচালনা করে।সমস্ত বুথে পোলিং এজেন্টরা যেন ফর্ম ১৭সি-এর ব্যাপারে সতর্ক থাকেন। ভোটাররাও ইভিএম মেশিনে চাপ দিয়ে যেন সাত সেকেন্ড অপেক্ষা করে দেখে নেন তাঁর ভোট সঠিক জায়গায় পড়ল কি না। দেশ বাঁচাও গণমঞ্চ সুষ্ঠুভাবে নির্বাচন পরিচালনার জন্য বারে বারে নির্বাচন কমিশনের কাছে স্মারকলিপি জমা দিয়েছে। নরেন্দ্র মোদি সরকারের অর্থনীতি আসলে ধনীদের আরও ধনী করেছে এবং গরিবদের আরও গরিব। এর বিপরীতে দাঁড়িয়ে মমতা বন্দ্যোপাধ্যায় এবং তৃণমূল পরিচালিত রাজ্য সরকার প্রতি নিয়ত সবার উন্নয়নের জন্য কাজ করে গিয়েছে। দেশ বাঁচাও গণমঞ্চ মনে করে নরেন্দ্র মোদির সরকার ভারতের ব্যাঙ্কিং ব্যবস্থাকে ধ্বংস করে দিয়েছে।

## সম্পাদকীয়

### বিবেকানন্দ রক মেমোরিয়ালের 'ধ্যানমণ্ডপম'-এ ধ্যানে বসেন মোদী

সূচি অনুযায়ী সপ্তম তথা শেষ দফার ভোটের প্রচার শেষ করেই কন্যাকুমারীর উদ্দেশে রওনা দিয়েছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৃহস্পতিবার সন্ধ্যায় সেখানকার বিবেকানন্দ রক মেমোরিয়ালের 'ধ্যানমণ্ডপম'-এ ধ্যানে বসেন তিনি। তার পর প্রায় ১৫ ঘণ্টা পেরিয়ে যাওয়ার পর, শুক্রবার সকাল ১০টা নাগাদ প্রকাশ্যে এল মোদীর ধ্যানে বসার ছবি।১ জুন, শনিবার লোকসভা নির্বাচনের শেষ দফার ভোটগ্রহণ। আট রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের ৫৭টি আসনে ভোটগ্রহণ ওই দিন। ওই দফাতেই ভোট রয়েছে মোদীর কেন্দ্র বারাণসীতে। ৪ জুন ভোটগণনা। শেষ দফার ভোটের জন্য প্রচার শেষ হয়েছে বৃহস্পতিবার বিকেল ৫টায়। তার পরেই কন্যাকুমারী পৌঁছে যান মোদী। প্রধানমন্ত্রীর দফতর সূত্রে খবর ছিল, ৩০ মে সন্ধ্যা থেকে ১ জুন সন্ধ্যা পর্যন্ত দু'দিন বিবেকানন্দ রক মেমোরিয়ালে ধ্যান করতে চলেছেন মোদী। সে কারণে সৈকতে জারি করা হয়েছে নিরাপত্তা। শনিবার পর্যন্ত সেখানে যেতে পারবেন না পর্যটকেরা। সাগরে কোনও বেসরকারি নৌকা চলবে না। কন্যাকুমারী জেলায় মোতায়েন করা হয়েছে ২,০০০ পুলিশ কর্মী। এর আগে দু'বার লোকসভা নির্বাচনের প্রচার শেষেও আধ্যাত্মিক সফরে বেরিয়েছিলেন মোদী। ২০১৯ সালের লোকসভা ভোটের প্রচার শেষে গিয়েছিলেন কেদারনাথ। ২০১৪ সালে গিয়েছিলেন মহারাষ্ট্রের শিবাজির প্রতাপগড় দুর্গে।বিজেপির ফেসবুক পেজ থেকে মোট চারটি ছবি প্রকাশ করা হয়। একটি ছবিতে দেখা যাচ্ছে, গেরুয়া বসন পরে, হাতজোড় করে ধ্যানে বসেছেন মোদী। প্রধানমন্ত্রীর ধ্যানে বসার আরও তিনটি ছবিও প্রকাশ করা হয়েছে।সূত্রের খবর, সন্ধ্যা ৬টা ৪৫ মিনিটে 'ধ্যানমণ্ডপম'-এ ধ্যানে বসেন মোদী। যদিও বৃহস্পতিবার রাত পর্যন্ত তাঁর ধ্যানে বসার কোনও ছবিই প্রকাশ্যে আসেনি। শেষ দফা ভোটের আগে মোদীর এই ধ্যান নিয়ে সরব হয়েছিল সিপিএম এবং কংগ্রেস। প্রধানমন্ত্রীর ধ্যানমগ্ন হওয়ার ছবি যাতে টেলিভিশনে সম্প্রচারিত না হয়, সেই বিষয়ে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছিল তারা। তাদের বক্তব্য ছিল, প্রধানমন্ত্রীর ধ্যানমগ্ন হওয়ার ছবি প্রচারমাধ্যমে সরাসরি সম্প্রচার করা হলে সপ্তম দফার ভোটে তা নির্দিষ্ট একটি দল (বিজেপি)-কে বিশেষ সুবিধা পাইয়ে দেবে। কমিশনের আদর্শ আচরণবিধি যাতে ভঙ্গ না হয়, সেই কারণে এই সম্প্রচার বন্ধ রাখার আর্জি জানানো হয়। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও প্রশ্ন তোলেন ছবি তোলা প্রসঙ্গে। সে কারণেই কন্যাকুমারীতে ধ্যানমগ্ন মোদীর কোনও ছবিই প্রকাশ্যে আসেনি বলে মনে করছিলেন অনেকে। তবে জল্পনার অবসান ঘটিয়ে শুক্রবার সকালে প্রথম বারের জন্য প্রকাশ্যে এল ধ্যানমগ্ন প্রধানমন্ত্রীর ছবি।বৃহস্পতিবার বিকেল সাড়ে ৫টা নাগাদ কন্যাকুমারীতে নামে মোদীর হেলিকপ্টার। এর পর তাঁর কনভয় পৌঁছয় ভগবতী আম্মান মন্দিরে। তাঁর পরনে ছিল সাদা ধুতি এবং সাদা চাদর। দক্ষিণ ভারতীয় কায়দায় লুঙ্গির মতো করে সেই সাদা ধুতি পরেছিলেন তিনি। এর পর মন্দিরে বিগ্রহ প্রদক্ষিণ করেন। প্রদীপের তাপ নেন। তাঁর হাতে তুলে দেওয়া হয় ভগবতী আম্মানের বিগ্রহের একটি ছবি। সেটি তুলে দেন পুরোহিতেরা। এর পর তিনি যান কন্যাকুমারী রক মেমোরিয়ালে। পরনে তখন সাদা শার্ট, সাদা ধুতি, গলায় উত্তরীয়। রক মেমোরিয়ালে তিনি রামকৃষ্ণ, সারদা দেবী এবং বিবেকানন্দের ছবি ও মূর্তিতে প্রণাম করেন। সেই ছবি দেখা গিয়েছে। তবে তার পর আরও কোনও ছবি প্রকাশ্যে আসেনি।

# মহামারী সাক্ষী বহন করেছিলেন স্বামী বিবেকানন্দ



মৃত্যুঞ্জয় সরদার
(দ্বিতীয় পর্ব)



গুজবের হাত থেকে রক্ষা করতে পারিনি, আজকের এ দাঁড়িয়ে সে সবের অবসান ঘটিয়েছেন। এ কথাগুলো লিখতে গিয়ে আমার জীবনের কিছু কথা বারবার স্মরণ চলে আসে, ছোটবেলা থেকে পড়াশোনার ইচ্ছা ছিল আমার প্রবল। সেই রকম পরিবেশ ও অর্থনৈতিক সাহায্য পাইনি আমি,তবে ছোটবেলা থেকে আমি অনুসন্ধান বা গবেষণা করার ইচ্ছা মনের মধ্যে প্রবল রয়েছে। সুন্দরবনের আদিবাসীদেরকে নিয়ে আমি গবেষণা করেছিলাম বহু পত্রপত্রিকায় আদিবাসী নিয়ে লেখালেখিও করেছি।আর সেই নেশাতে আজ মহামারী কে নিয়ে অনুসন্ধান করতে যেসব তথ্য পেয়েছে আপনাদের সামনে আমার কলমে তুলে ধরছি।সব শেষে একটা কথা বলা যায়। কোনও মহামারীই কয়েক মাসের বেশি স্থায়ী হয় না। একসময় আপনা থেকে তার তীব্রতা কমে আসে। জীবন ফিরে যায় নিজের ছন্দে। আর সেই কারণেই

কোভিড-১৯ মহামারীর সময় ম্যালথুসীয় তত্ত্বের কথা মনে পড়ছে অনেকের।লিখতে বসে তার কথা না লিখলে আজ হয়তো লেখাটি সম্পূর্ণ রূপ দেওয়া কোনোভাবেই সম্ভব নয়।তৎকালীন যুগে মানব সভ্যতা এতটা উন্নত ছিল না, এত মিডিয়ার জন্ম হয়নি। বিশেষ করে ইনফরমেশন টেকনোলজির যুগ বা ডিজিটাল যুগ তখন ছিল না। কয়েক সেকেন্ডের মধ্যে সমস্ত তথ্য বিশ্বের বিভিন্ন প্রান্তে আদান-প্রদান হওয়ার সুযোগই ছিল না।করোনাভাইরাস থেকে মহামারী আকার ধারণ করেছিল প্রথম বিশ্বযুদ্ধ পর সে কথা আমি আমার লেখার মধ্যে বলবো।মানুষের ইতিহাসে মহামারী ঘুরে ঘুরে আসে। সেই অষ্টাদশ শতকে বিষয়টিকে একভাবে ব্যাখ্যা করেছিলেন এক ইংরেজ ধর্মযাজক। তাঁর নাম টমাস রবার্ট ম্যালথুস। তাঁর তত্ত্বের মূল কথা হল, জনসংখ্যা যখন খুব বেড়ে যায়, তখন দেখা যায় খাদ্যাভাব। এমন পরিস্থিতিতে প্রকৃতি নিজস্ব উপায়ে জনসংখ্যা নিয়ন্ত্রণ করে। সে পাঠিয়ে দেয় মহামারী, দুর্ভিক্ষ ও যুদ্ধ। আজ এমনই যুদ্ধের মুখোমুখি হয়েছি আমরা। যুদ্ধের নাম করোনা, এই যুদ্ধে জয়ী হবে অনেকেই। ইতিহাস তেমনি সাক্ষী বহন করছে। পৃথিবীর আরেক মহামারীর নাম ছিল ইনফ্লুয়েঞ্জার কোপে ।১৯১৮ সালে যখন প্রথম বিশ্বযুদ্ধ শেষ হয়, তখন পৃথিবীর লোকসংখ্যা ছিল ১৮০ থেকে ১৯০ কোটির মধ্যে। তার মধ্যে ৫০ কোটি লোকই আক্রান্ত হয়েছিল ইনফ্লুয়েঞ্জায়। মারা গিয়েছিল পাঁচ থেকে ১০ কোটি। মানুষের ইতিহাসে অত বড় মহামারী আর হয়নি।কলকাতায় ইনফ্লুয়েঞ্জা মহামারীর বর্ণনা দিয়েছেন অতুল সুর। তাঁর 'শতাব্দীর প্রতিধ্বনি' বইতে আছে, ভারতে সেবার ৮০ লক্ষ লোক ইনফ্লুয়েঞ্জায় মারা গিয়েছিল। কলকাতাতেও এত

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# জলশক্তি মন্ত্রক মাস কমিউনিকেশন ইন্টার্নশিপ কর্মসূচি ঘোষণা করেছে

স্নাতকোত্তরের ছাত্রছাত্রীদের ইন্টার্ন হিসেবে যুক্ত করায় এর উদ্দেশ্য। এই ইন্টার্নশিপ প্রোগ্রামের আওতায় নির্বাচিত ছাত্রছাত্রীদের স্বল্পকালীন সময়ের জন্য বিভিন্ন গণমাধ্যম এবং সামাজিক মাধ্যমে দপ্তরের কাজকর্ম সম্পর্কিত বিভিন্ন বিষয় যুক্ত করা হবে। যে সমস্ত ছাত্রছাত্রীরা মাস কমিউনিকেশন বা সাংবাদিকতা বা সংশ্লিষ্ট ক্ষেত্রে স্নাতক হয়েছেন, অথবা যারা এক্ষেত্রে স্নাতকোত্তর বা ডিপ্লোমা করছেন, নির্দেশিকার শর্ত মাফিক তারা এক্ষেত্রে যোগ্য হিসেবে বিবেচিত হবেন। এই ইন্টার্নশিপের সময়কাল ৬-৯ মাস। নির্বাচিত ছাত্রছাত্রীদের মাসিক ১৫,০০০ টাকা সাম্মানিক এবং সাফল্যের সঙ্গে ইন্টার্নশিপ সম্পূর্ণ করার পর তাদের শংসাপত্র প্রদান করা হবে। এক্ষেত্রে আবেদনের শেষ তারিখ ২৯ জুন ২০২৪। এই ইন্টার্নশিপে যোগ দিতে আগ্রহীরা https://mowr.nic.in/internship/ - এই লিঙ্ক থেকে অনলাইন আবেদনপত্র পেতে পারেন। বিস্তারিত জানতে https://jalshakti-dowr.gov.in/-

৩ পাতার পর

# বিশ্ব তামাক বিরোধী দিবস ২০২৪

সকলকে ঐক্যবদ্ধ হওয়ার কথা বলেন। আগামীদিনকে সুন্দর করে তুলতে স্বাস্থ্যকর জীবনযাপনের আহ্বান জানিয়েছেন তিনি। তাঁর বার্তাটিও ইউটিউবে পাওয়া যাবে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অতিরিক্ত সচিব শ্রীমতী ভি হেকালি জিমোমি বলেন, ভারত সরকার টিভি এবং চলচ্চিত্রের ক্ষেত্রে তামাক বিরোধী প্রচারে যে বিধিবদ্ধ নিয়ম রয়েছে, ২০২৩-এ তা গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে ওটিপি প্ল্যাটফর্মও চালু করেছে। ভারতই হল বিশ্বের প্রথম দেশ ওটিটি মিডিয়া প্ল্যাটফর্ম সহ মাদক বিরোধী প্রচারে এই সর্বাত্মক ভূমিকা পালন করছে। স্বাস্থ্য পরিষেবা দপ্তরের মহানির্দেশক অধ্যাপক ডঃ অতুল গোয়েল বলেন, তরুণ প্রজন্মকে তামাকের ক্ষতিকারক প্রভাব থেকে মুক্ত করতে উদ্ভাবনী কৌশল গ্রহণ করতে হবে। জনসচেতনতা গড়ে তুলতে তামাকের বিজ্ঞাপনের ওপর বিধিনিষেধ আরোপের ওপরও গুরুত্ব দেন তিনি। ভারতে বিশ্ব স্বাস্থ্য সংস্থা - হু'র ভারতে প্রতিনিধি ডঃ রোডেরিকো অরফিন তামাক নিয়ন্ত্রণে ভারতের নেতৃত্বের প্রশংসা করেন। ওটিটি মঞ্চে তামাক বিরোধী প্রচার সহ ই-সিগারেট নিষিদ্ধ করার ক্ষেত্রে ভারতের গৃহীত পদক্ষেপের ভূয়সী প্রশংসা করেছেন তিনি। চিকিৎসা প্রতিষ্ঠানগুলিতে তামাক বর্জন কেন্দ্র প্রতিষ্ঠার কার্যকরী নির্দেশিকা প্রকাশ করা হয়েছে। এর উদ্দেশ্য হল, চিকিৎসা ক্ষেত্রে পাঠরত ছাত্রছাত্রীদের তামাক বর্জন নিয়ে উৎসাহ যোগানো। ন্যাশনাল মেডিকেল কমিশনে নির্দেশিকা মাফিক স্নাতক স্তরের ছাত্রছাত্রীদের এক্ষেত্রে সর্বাত্মক ওষুধপত্রের ব্যাপারে প্রশিক্ষিত করে তোলা। অনুষ্ঠানে বিশ্ব স্বাস্থ্য সংস্থা আয়োজিত বিশ্ব তামাক বিরোধী দিবসে পুরস্কার প্রাপ্তদের সম্বর্ধনা দেওয়া হয়। তামাক নিয়ন্ত্রণে তাদের উল্লেখযোগ্য কাজের জন্য হু-এর পক্ষ থেকে বার্ষিক এই পুরস্কার প্রদান করা হয়ে থাকে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক অনলাইনে মাইগভ প্ল্যাটফর্মে 'তামাক বর্জন শপথ' ব্যবস্থা চালু করেছে। গত ৩১ মে থেকে এই তামাক বর্জন প্রচারাভিযানে সর্বাত্মক অংশগ্রহণকে উৎসাহ দেওয়া হচ্ছে। নিম্নলিখিত লিঙ্কে ক্লিক করে তামাক বর্জন শপথ নেওয়া যাবে। লিঙ্কটি হল-
https://pledge.mygov.in/no-tobacco-2024/
ন্যাশনাল ওরাল হেল' কর্মসূচির আওতায় লেডি হার্ডিঞ্জ মেডিকেল কলেজের পক্ষ থেকে নির্মাণ ভবনে মুখের ভিতরের পরীক্ষা সহ তামাক বর্জন শিবিরের আয়োজন করা হয় অতিরিক্ত ডিডিজি ডিটিইজিএইচএস ডঃ এল স্বস্তি চরণ, স্বাস্থ্য ও পরিবার মন্ত্রকের মাদক নিয়ন্ত্রণ সংক্রান্ত উপসচিব ডঃ পুনম মিনা সহ মন্ত্রকের পদস্থ আধিকারিকরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## মায়ের আশীর্বাদ অসীম সাধারণ মানুষ তার প্রমাণ পায় তারাপীঠে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তাতে পচন ধরবে না। এদিকে সন্ধ্যা নেমেছে। রাত্রিটা তাই পথেই বিশ্রাম নিতে হবে। চলতে চলতে থামলেন এক বিশাল জঙ্গলের পাশে। স্থানটির নাম চণ্ডীপুর। রাতে ঘুম নেই জয়দত্তের। মৃত ছেলের দেহ আঁকড়ে রাত জাগছেন তিনি। সেই সময় তারামা এক কুমারী মেয়ের রূপ ধরে নৌকার কাছে এসে দাঁড়ালেন। তাঁর কালো রূপে যেন আলো ছিটকে পড়ছে। রাত্তির আকাশজুড়ে অপূর্ব এক জ্যোতি।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

৩ পাতার পর

# শেষ তথা সপ্তম দফার লোকসভা নির্বাচন আজ

কমিশনের পক্ষ থেকে আহ্বান জানানো হয়েছে। আগামীকাল সপ্তম দফার নির্বাচনে ৮টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চল ৫৭টি লোকসভা কেন্দ্রে ভোটগ্রহণ শুরু সকাল ৭টায়। এছাড়াও ওড়িশা বিধানসভার অবশিষ্ট ৪২টি বিধানসভা কেন্দ্রে ভোট। এই পর্বে ১ লক্ষ ৯ হাজার ভোটগ্রহণ কেন্দ্র ১০ কোটি ৬ হাজার ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। ভোটদাতাদের মধ্যে পুরুষ ভোটারের সংখ্যা ৫ কোটি ২৪ লক্ষ। মহিলা ভোটার ৪ কোটি ৮২ লক্ষ। তৃতীয় লিঙ্গের ভোটারের সংখ্যা ৩৫৭৪। হিমাচলপ্রদেশে ১৩টি বিশেষ ট্রেন এবং ৮টি হেলিকপ্টারে করে নির্বাচনী সামগ্রী ও নিরাপত্তা রক্ষীদের পৌঁছে দেওয়া হয়েছে। এই পর্বের ভোটগ্রহণে ১৭২ জন পর্যবেক্ষক তাঁদের সংশ্লিষ্ট কেন্দ্রে পৌঁছে গেছেন। এর মধ্যে ৬৪ জন সাধারণ পর্যবেক্ষক, ৩২ জন পুলিশ পর্যবেক্ষক এবং ৭৬ জন ব্যয় পর্যবেক্ষক। এর অতিরিক্ত কয়েকটি রাজ্যে বিশেষ পর্যবেক্ষকও নিয়োগ করা হয়েছে। ২০১টি আন্তর্জাতিক সীমান্ত চেক পোস্ট এবং ৯০৬টি আন্তঃরাজ্য চেক পোস্টে কড়া নজরদারি রাখা হয়েছে, যাতে বেআইনী অর্থ, মাদক সামগ্রী প্রবেশ করতে না পারে। জলপথ এবং আকাশপথেও নজরদারি বজায় থাকছে।

# সিনেমার খবর

# শাহরুখকে জড়িয়ে হাউমাউ করে কাঁদলেন সুহানা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নিজের দল কেকেআরকে সাহস যোগাতে রবিবার বিকেলে চেন্নাই পৌঁছান বলিউড বাদশাহ শাহরুখ খান। সেখানে শিরোপা জেতার চিন্তায় এমএ চিদাম্বরাম স্টেডিয়ামে ম্যাচের সময়টা বেশ উদ্বেগের মাঝে কাটান তিনি।

তবে শেষ মুহূর্তে বদলে যায় শাহরুখের চেহারা। ম্যাচ জিতে আইপিএলে চ্যাম্পিয়নশিপ খেতাব পাওয়া মাত্রই পাশে থাকা স্ত্রীকে জড়িয়ে ধরেন । এরপর একে একে প্রকাশ্যে আসে শাহরুখের মিষ্টি পারিবারিক মুহূর্ত; যা সামাজিক যোগাযোগ মাধ্যমে ইতোমধ্যে ভাইরাল হয়েছে।

কেকেআর জিততেই শাহরুখকে জাপটে ধরে কেঁদে ফেলেন সুহানা। বাবার কাছে শাহরুখ কন্যার প্রশ্ন, 'তুমি খুশি তো?' মেয়েকে বুকে টেনে নিলেন বাদশা। পাশেই দাঁড়িয়ে দুই ছেলে আরিয়ান ও আব্রাম। বাবা-মেয়ের আবেগ দেখে ভক্তরাও কান্নায় ভেঙে পড়েন।

শাহরুখ খান অনেক ব্যস্ততার মাঝে থাকলেও একজন পারিবারিক মানুষ । যেকোনো বড় পার্টি বা আইপিএল ম্যাচ, স্ত্রী-সন্তানদের নিয়ে সর্বত্রই শাহরুখের উপস্থিতি দেখা যায়। এবার পরিবারকে নিয়ে বাইশ গজে নিজের টিমের সাফল্যেরও সাক্ষী থাকলেন।

এদিন কেকেআরের তারকা ক্রিকেটার হর্ষিত রানা কোলে তুলে নেন । হর্ষিতকে ফ্লায়িং কিস দেওয়া শেখালেন শাহরুখ। এ সময় কিং খান বলেন, 'টিমের প্রত্যেককে আমার সঙ্গে দাঁড়াতে হবে এবং আমি বলল ১,২,৩ তখন এইটা করতে (উড়ন্ত মুর ভঙ্গি) হবে'।

উল্লেখ্য, প্যাট কামিন্সের দল টসে জিতলেও ২২ গজে কেকেআরের সামনে টিকতে পারে নি। প্রথমে ব্যাট করে মাত্র ১১৩ রানেই গুটিয়ে যায় হায়দরাবাদ। এরপর ব্যাট করতে নেমে মাত্র ১০.৩ ওভারেই নির্ধারিত রান তুলে ৮ উইকেটে সহজ জয় পেয়েছে কেকেআর। ম্যাচ সেরা হয়েছেন অজি বোলার মিচেল স্টার্ক।

আইপিএল ২০২৪-এর সব থেকে বেশি রান সংগ্রহকারী হয়ে অরেঞ্জ ক্যাপ জিতেন বিরাট কোহলি। আরসিবি তারকা ১৫ ম্যাচে ব্যাট করতে নেমে ৭৪১ রান সংগ্রহ করেন। তবে এই সিজনেও ট্রফি থেকে লক্ষ যোজন দূরেই থাকলেন কিং কোহলি।

# এবার সালমানের মুখোমুখি 'কাটাপ্পা'



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** 'বাহুবলী' ছবির প্রথমভাগে বাহুবলীকে খুন করে রীতিমতো হইচই ফেলে দিয়েছিলেন 'কাটাপ্পা' ওরফে অভিনেতা সত্যরাজ। সেই কাটাপ্পার সঙ্গেই এবার সিনেপর্দায় অ্যাকশন করতে রাজি হলেন সালমান খান।

খবর অনুযায়ী, ভাইজানের পরবর্তী ছবি 'সিকান্দার'-এ খলনায়কের চরিত্রে দেখা যাবে দক্ষিণী তারকা সত্যরাজকে। সম্প্রতি এক সাক্ষাৎকারে তিনি দিয়েছেন এই খবর।

কঠোর নিরাপত্তার মধ্যে দিয়ে শুরু হয়েছে সালমানের সিকান্দার ছবির শুটিং। প্রাণনাশের হুমকিকে গায়ে না মেখে, 'দাবাং' মেজাজে শুটিং করছেন সালমান। শুটিং ফ্লোর থেকে ফাঁস হয়েছে ছবিও। ঠিক এরই মাঝে সিকান্দার নিয়ে নতুন আপডেট। সূত্র থেকে পাওয়া খবর অনুযায়ী, সিকানদার ছবিতে সালমানের সঙ্গে জুটি বাঁধছেন রাশ্মিকা মান্দানা।

বলিউড সূত্র থেকে পাওয়া খবর অনুযায়ী, মে মাসের প্রথম সপ্তাহ থেকেই নাকি শুরু হয়েছে সালমানের এই নতুন ছবির শুটিং। খবর অনুযায়ী, কঠোর নিরাপত্তা বলয়ের মধ্যেই শুটিং করছেন সালমান।

# বিয়ে-সন্তান মানেই জীবন সুন্দর, এমন নয়: মনীষা কৈরালা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউডের জনপ্রিয় অভিনেত্রী মনীষা কৈরালা। বিখ্যাত পরিচালক সঞ্জয়লীলা বানসালির 'হীরামান্ডি' সিরিজে অভিনয়ের জন্য আলোচনায় এসেছেন তিনি। তার সমসাময়িক সবাই বিয়ে করে সংসারী হলেও ৫৩ বছর বয়সী মনীষা এখনও সিঙ্গেল। জীবন, সংসার ও সন্তান নিয়ে তার দর্শন অন্যদের থেকে একটু আলাদা।

সম্প্রতি একটি সাক্ষাৎকারে মনীষা কৈরালা জানান, দুনিয়ার চোখে ভালো বিয়ে, ভালো সংসার, সন্তান ইত্যাদি নিখুঁত, কিন্তু সংসারের বেতরে গণ্ডগোল থাকে। বিয়ে ও সন্তান মানেই জীবন সুন্দর, এমন নয়। অধিকাংশ সময় বৈবাহিক জীবন বা সন্তানসহ সংসার দেখে সঠিক জীবনের তকমা দিয়ে দেওয়া হয়। কিন্তু সব ক্ষেত্রে তা সুখকর হয় না। সংসারে ভুলভ্রান্তি মন-মালিন্য থাকার কারণে জীবন দুর্বিষহ হয়ে ওঠে।

তার মতে, নিজের জীবন ও অবস্থানকে কোন দৃষ্টিভঙ্গিতে দেখা হচ্ছে, সেটা জরুরি। জীবনকে কোন দিকে চালানো হচ্ছে, তা ভাবতে হবে। সর্বোপরি জীবনে খুশি থাকতে পারাটাই মুখ্য।

মনীষা কৈরালার ভাষ্য, নিজের জীবনের মালিকানা নিজের হাতে। নিজেকে যে জায়গায় দেখছেন, তাতে সন্তুষ্ট থাকলে জীবন এমনিই সুন্দর। নিজের জীবন নিয়ে গর্ব করা উচিত।

প্রসঙ্গত, ২০১০ সালে সম্রাট দাহালকে বিয়ে করেন মনীষা কৈরালা। কিন্তু সংসার বেশিদিন টেকেনি। পরে ২০১২ সালে দাহালের সঙ্গে দাম্পত্য জীবনের ইতি টানেন নেপালি বংশোদ্ভূত এই অভিনেত্রী। অভিনয় ছাড়াও তিনি নারীর অধিকার, নারীর প্রতি সহিংসতা দমন, মানব পাচার ও ক্যান্সার বিষয়ক সচেতনতায় কাজ করেন মনীষা।

# একসঙ্গে পাঁচজনের প্রয়োজন হয় শ্রীলেখার, কী বলতে চান তিনি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কোথাও অনুচিত দেখলেই চোখে আঙুল দিয়ে ধরিয়ে দেন শ্রীলেখা মিত্র। সেই সঙ্গে ঝাড়েন ক্ষোভ। ছাড় দেন না কাউকে। পাশাপাশি স্পষ্ট বলেন তিনি। এজন্য অবশ্য বিড়ম্বনায় পড়তে হয়। মাঝে মাঝেই তার বক্তব্য বিকৃত করে উপস্থাপন করা হয়। এতে ত্যক্ত বিরক্ত অভিনেত্রী দিলেন কড়া জবাব। জানালেন, একসঙ্গে পাঁচজন প্রয়োজন হয় তার।

কোনও এক সময় কোনও কথার প্রেক্ষিতে হয়তো অভিনেত্রী বলেছিলেন 'একসঙ্গে পাঁচজন দরকার' তার। সেই উক্তিকে নানাভাবে প্রচার করা হচ্ছে। এবার সেই বিকৃত পোস্টগুলোরই কটাক্ষ করে জবাব দিলেন শ্রীলেখা।

নিজের ফেসবুকে একটি ভিডিও প্রকাশ করেছেন অভিনেত্রী। সেখানে দেখা যাচ্ছে তিনি খাটে শুয়ে, আর তার চারপাশে ছড়িয়ে ছিটিয়ে শুয়ে আছে তার চারপেয়ে সন্তানেরা। এটি পোস্ট করে অভিনেত্রী ক্যাপশনে লেখেন, 'শ্রীলেখার একসঙ্গে পাঁচজনকে লাগে। এটা প্রচার করে ব্যবসা করতে চায় তো পোর্টালগুলো। ঠিক ঠিক ঠিক। পঞ্চমজন হল আমার বিগল। সে একটু রেসিস্ট। তাই আলাদা শুয়েছে।'

ফলে তিনি বাড়িতে যে সত্যিই পাঁচজনের সঙ্গে থাকেন সেটা দেখিয়ে দিলেন আর এই পাঁচজন অন্য কেউ বা কিছু নয়। তার পোষ্য।

# ইচ্ছে পূরণের সময় কাটছে মনামি ঘোষের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বরাবরই বেড়াতে ভালোবাসেন মনামি ঘোষ। কখনও পাহাড় আবার কখনও সমুদ্র। জঙ্গলও মনামির অন্যতম পছন্দের তালিকায়। কাজের ফাঁক পেলেই ঘুরতে বেরিয়ে পড়েন অভিনেত্রী। কখনও আবার ট্রাভেল পার্টনার হন অভিনেত্রীর মাও। মা-মেয়ে মিলে বেরিয়ে পড়েন অ্যাডভেঞ্চারাস ট্রিপে!

এবার মনামির ডেস্টিনেশন জাপান। সম্প্রতি সৃজিত মুখোপাধ্যায়ের 'পদাতিক' ছবির ট্রেলার লঞ্চে মনামি জানিয়েছিলেন ক'দিনের জন্য বিরতি নিয়ে বেড়াতে যাচ্ছেন তিনি। কিন্তু লোকেশন জানান নি সেসময়। বলেছিলেন, ক্রমশ প্রকাশ্য!

জাপান মানেই বিখ্যাত মাউন্ট ফুজিয়ামা। সেখানে দাঁড়িয়ে কফি হাতে মনামি জানালেন, তার এতো পরিশ্রম করার কারণ। পৃথিবীর প্রায় সব জায়গাগুলো ঘুরে দেখা মনামির শখ। সেই ইচ্ছে পূরণেই মাঝেমধ্যে বেরিয়ে পড়েন অভিনেত্রী।

জাপানে কাটানো বিভিন্ন মুহূর্তের ছবি, ভিডিও নিজের সোশ্যাল ওয়ালে শেয়ার করছেন মনামি। সব ছবি, ভিডিও লেন্সবন্দী করছেন মনামির প্রেমিক সৈকত। কখনও মাউন্ট ফুজিয়ামার কাছাকাছি কখনও মিঠে রোদে আবার কখনও আঁকাবাঁকা রেলপথ দিয়ে ছুঁটে চলেছেন। এসব অনুভূতিই ভাগ করে নিয়েছেন তার অনুরাগীদের সঙ্গে।

জাপান থেকে ফিরেই মনামি যোগ দেবেন 'পদাতিক'-এর প্রচারে। সৃজিত মুখোপাধ্যায়ের এই ছবিতে মৃনাল সেনের স্ত্রী গীতা সেনের চরিত্রে বড় পর্দায় আসছেন মনামি। গল্পে মৃনাল সেন হয়েছেন চঞ্চল চৌধুরী। এই ছবি এবং এই চরিত্র যে মনামির অভিনয় জীবনের অন্যতম মাইলস্টোন তা বলাই যায়।

# লেবানন ম্যাচই টার্গেট ক্যাবরেরার



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রথম লেগে অস্ট্রেলিয়ার কাছে হেরেছিল ৭ গোলে। তাই বিশ্বকাপ বাছাইয়ে ৬ জুন বসুন্ধরা কিংস অ্যারেনায় এই সকারুদের বিপক্ষে জয়ের স্বপ্নও দেখছে না বাংলাদেশ দল। বরং ১১ জুন কাতারের দোহায় অনুষ্ঠেয় লেবানন ম্যাচ নিয়েই যত পরিকল্পনা হ্যাভিয়ের ক্যাবরেরার দলের। গত বছরের ২১ নভেম্বর প্রথম লেগে কিংস অ্যারেনায় লেবাননের সঙ্গে ১-১ গোলে ড্র করেছিলেন শেখ মোরসালিন-রাকিব হোসেনরা। বিশ্বকাপ বাছাইয়ে গ্রুপ 'আই'তে বাংলাদেশের একমাত্র পয়েন্ট এসেছে লেবাননের বিপক্ষেই। সকারুদের চেয়ে বাংলাদেশের ফোকাস এখন লেবানন ম্যাচে। গতকাল জাতীয় দল ব্যবস্থাপনা কমিটির মিটিং শেষে কমিটির চেয়ারম্যান কাজী নাবিল আহমেদও লেবানন ম্যাচ নিয়ে কথা বলেছেন,ওএ দুটি ম্যাচে আমাদের ভালো সুযোগ আছে। যদিও অস্ট্রেলিয়া অত্যন্ত শক্তিশালী দল। তারা বিশ্বকাপ খেলেছে। লেবাননের সঙ্গে এর আগে যেহেতু আমাদের রেজাল্ট একটু ভালো হয়েছে, আমরা চেষ্টা করতে পারি ভালো করার জন্য। টানা ম্যাচ খেলায় আমাদের টিমের অভিজ্ঞতা অর্জিত হয়েছে। সৌদি আরবে গিয়ে ১৭ দিনের ক্যাম্প করেছে। কুয়েতে খেলেছে। যদি লেবাননের বিপক্ষে ইতিবাচক ফলাফল পেতে পারি, সেটা আমাদের জন্য পুরো প্রক্রিয়ার মধ্যে ভালো একটা অর্জন হবে বলে আমরা মনে করছি৷ ১ জুন শুরু হবে জাতীয় দলের ক্যাম্প। প্রিমিয়ার লিগ শেষ হচ্ছে ২৯ মে। পরদিন দুই ম্যাচের জন্য দল ঘোষণা করবেন কোচ ক্যাবরেরা।

অস্ট্রেলিয়া ও লেবানন ম্যাচের একাদশ সাজাতে গিয়ে ঘুম হারাম কোচ ক্যাবরেরার। ইনজুরির কারণে অনেক দিন খেলার বাইরে বসুন্ধরা কিংসের তারিক রায়হান কাজি। আর কার্ডের কারণে অস্ট্রেলিয়া ম্যাচে খেলতে পারবেন না দলের অভিজ্ঞ ডিফেন্ডার বিশ্বনাথ ঘোষ, ফয়সাল আহমেদ ফাহিম ও মজিবুর রহমান জনি। 'দল চূড়ান্ত করার আগে আমাকে অনেক কিছু নিয়ে চিন্তা করতে হচ্ছে। কারও ইনজুরি আছে কিনা, পারফরম্যান্সের কী অবস্থা; সেগুলো দেখতে হচ্ছে। ইনজুরি ও নিষেধাজ্ঞার কারণে বেশ কয়েকজন গুরুত্বপূর্ণ ফুটবলারকে পাব না। এই ফুটবলারদের আমরা মিস করব। তারিক কাজির ইনজুরির কী অবস্থা, তা আমরা শেষ পর্যন্ত দেখব। তার জন্য অপেক্ষা করব৷' বলেন ক্যাবরেরা।

বাংলাদেশের হয়ে খেলতে আগ্রহী হামজা চৌধুরীকে নিয়ে কাজ শুরু করে দিয়েছে বাফুফে। ইতোমধ্যে যুক্তরাজ্যে অবস্থিত বাংলাদেশের হাইকমিশনারের সঙ্গে কথা বলেছেন কাজী নাবিল। কয়েকটি পেপার কম থাকার কারণে হামজা প্রথম দিন পাসপোর্ট করতে পারেননি বলে জানান বাফুফের এই সহসভাপতি, 'লন্ডনে বাংলাদেশের হাইকমিশনারের সঙ্গে আমার কথা হয়েছে। হামজা এর পর যখনই যাবে, তার কাজগুলো সুন্দরভাবে করা হবে। বর্তমানে হামজা পরিবার নিয়ে ছুটিতে আছে। আমরা আশা করছি, যখন সে ফ্রি হবে, বাকি প্রক্রিয়াগুলো ভালোভাবে সম্পন্ন হবে। তার জন্য ঢাকাতে যে প্রক্রিয়াগুলো অনুসরণ করতে হবে, সেগুলো আমরা আলোচনা করেছি। আমাদের ফলোআপের মধ্যে রাখছি। আর দিয়াবাতের ক্ষেত্রেও একই বিষয়। তার ইস্যুটা সম্পূর্ণ ভিন্ন। হামজা, জামাল, তারিক কাজি এবং এলিটা কিংসলের চেয়ে তার প্রক্রিয়াটা ভিন্ন। সেই বিষয়ে আমরা আলোচনা করেছি। আমাদের চেষ্টা থাকবে, যত দ্রুত সম্ভব এটার সমাধান করব।'

# তারুণ্যে ভরা স্পেনের ইউরো দল



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** জার্মানিতে অনুষ্ঠেয় ইউরো চ্যাম্পিয়নশিপের জন্য তারুণ্য নির্ভর দল ঘোষণা করেছেন স্পেনের কোচ ডি লা ফুয়েন্তে। তার ২৯ জনের প্রাথমিক দলে আছেন বার্সেলোনায় খেলা তরুণ লামিন ইয়ামাল ও পাও কুবার্সি। ক্রোয়েশিয়ার বিপক্ষে ১৫ জুন নিজেদের প্রথম ম্যাচের আগে দল ২৬ জনে নামিয়ে আনবেন তিনি। স্পেনের দলে নতুন মুখ দু'জন। একজন হলেন- বার্সার তরুণ ফেরমিন লোপেজ, অন্যজন রিয়াল বেটিসের অ্যাটাকিং মিডফিল্ডার আহোজে পেরেজ। এছাড়া অভিজ্ঞ রদ্রি, দানি কারভাহাল, আলভারো মোরাতারা স্পেনের দলে আছেন। তবে ইনজুরির কারণে বাদ পড়েছেন পাবলো গাভি, আলেজান্দ্রো বাল্ডে ও হোসে গায়া। ফুয়েন্তের দলে রিয়াল মাদ্রিদের তিন ফুটবলার জায়গা পেয়েছেন। বার্সেলোনার আছেন পাঁচ ফুটবলার। গোলবারে দলটির প্রথম পছন্দ উনাই সিমন। তবে আর্সেনালের হয়ে দারুণ মৌসুম কাটানো ডেভিড রায়া আছেন একাদশে ঢোকার লড়াইয়ে। ফরোয়ার্ড লাইনে ইয়ামালদের সঙ্গে দানি অলমো, নিকো উইলিয়ামস, মাইকেল ওয়ারজাবালদের রাখা হয়েছে। স্পেন ১৯৬৪, ২০০৮ ও ২০১২ সালের ইউরো চ্যাম্পিয়ন। এক যুগ পর ইউরো জয়ের লড়াইয়ে তারা কঠিন গ্রুপে পড়েছে। ক্রোয়েশিয়ার বিপক্ষে ম্যাচের পর ২০ জুন ইতালি এবং ২৪ জুন আলবেনিয়ার বিপক্ষে ম্যাচ খেলবে। তার আগে দুটি প্রস্তুতি ম্যাচ খেলবে লা রোজিরা। স্পেনের ইউরো দল: গোলরক্ষক: উনাই সিমন, অ্যালেক্স রেমিরো, ডেভিড রায়া।

ডিফেন্ডার: দানি কারভাহাল, জেসুস নাভাস, আইমেরিক লাপোর্তা, রবিন ডি নরমান্ড, ন্যাচো ফার্নান্দেজ, দানি ভিভিয়ান, পাও কুবার্সি, অ্যালেক্স গ্রিমাল্ডো, মার্ক কুকুরেল্লা।

মিডফিল্ডার: রদ্রি, মার্টিন জুবেমেন্ডি, ফ্যাবিয়ান রুইজ, মাইকেল মরিনো, লরেন্তে, পেদ্রি, অ্যালেক্স জার্সিয়া, অ্যালেক্স বায়েনা, ফেরমিন লোপেজ। ফরোয়ার্ড: লামিন ইয়ামাল, দানি অলমো, নিকো উইলিয়ামস, আলভারো মোরাতা, হোসেলু, ফেরান তোরেস, মাইকেল আরিজাবাল, আহোজে পেরেজ।

# আবারও জ্বলে উঠলেন ব্রাজিলিয়ান তারকারা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ব্রাজিলিয়ান ফুটবলের মহাতারকা রোনালদিনহো-কাফু। নিজেদের সময়ে সেরাদের কাতারে শীর্ষে ছিলেন তারা। তবে দীর্ঘদিন হয়ে গেছে তারা অবসরে গেছেন। মাঠের খেলা থেকেও দূরে। কিন্তু তারপরেও নিজেদের কারিশমা যেন ভুলেননি কেউই। লম্বা সময় পর আবারও মাঠে নেমেই জ্বলে উঠলেন তারা।

বিধ্বংসী বন্যায় দক্ষিণ ব্রাজিলে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়াতে তহবিল সংগ্রহের জন্য একটি দাতব্য ম্যাচের আয়োজন করা হয়। যেখানে পারফর্ম করেছেন রোনালদিনহো, কাফু ও বেবেতোর মতো তারকারা। স্বাভাবিকভাবেই তাদের ম্যাচটি দেখতে হাজির হয়েছিলেন হাজার হাজার দর্শক।

রোববার রিও ডি জেনিরোর মারাকানা স্টেডিয়ামে মুখোমুখি হয়েছিল এস্পেরাঞ্জা ও ইউনিয়ন। ম্যাচটিতে গোলের দেখা পেয়েছেন রোনালদিনহো। হতাশ করেননি বিশ্বকাপজয়ী তারকা কাফুও। তার পা থেকেও গোল এসেছে।

দাতব্য ম্যাচের আয়োজকরা জানিয়েছে, ম্যাচটির জন্য ৪২,০০০ টিকিট বিক্রি করেছে, যার আয় ব্রাজিলিয়ান ফুটবল কনফেডারেশন (সিবিএফ) দ্বারা কেনা আরো ১০,০০০ টিকিট থেকে প্রাপ্ত অর্থ একটি বেসরকারি সংস্থাকে সরবরাহ করা হয়েছে। যা প্রায় ২.৩ মিলিয়ন বন্যা দুর্গতদের সাহায্যার্থে ব্যবহার করা হবে।

শুধু বিশ্ব ফুটবলের সাবেক তারকারাই না, দেশটির সংস্কৃতি অঙ্গনের তারকারাও এসেছিলেন এদিন। সঙ্গীত শিল্পী লুডমিলাও খেলতে নেমেছিলেন। শুধু নামেনইনি, কাফুর সহায়তায় একটি গোলও করেছিলেন। সাবেক গোলরক্ষক বারবারাকে পরাস্ত করেছিলেন তিনি। সাবেক ফুটবলার ও শিল্পীদের মধ্যকার ম্যাচটি ৫-৫ গোলে ড্র হয়।

রোনালদিনহো বলেন, 'এত লোক সাহায্য করছে দেখে আমি রোমাঞ্চিত। আমি এই কাজের জন্য খুব খুশি এবং আমি রিও গ্র্যান্ডে দো সুলের পক্ষ থেকে এটির প্রশংসা করি। এটা খুবই বিশেষ দিন।'

রোনালদিনহোর নেতৃত্বাধীন ইউনিয়ন দলের হয়ে গোল করেন লুডমিলা, আদ্রিয়ানো ও দিয়েগো। আর এস্পেরাঞ্জার হয়ে গো করেছেন অধিনায়ক কাফু, আর্জেন্টিনার ডি'আলেসান্দ্রো, নেনে, গায়ক এমসি পোজ এবং প্রাক্তন মিডফিল্ডার আমারাল। কাফুর গোলটি সবচেয়ে আকর্ষণীয় ছিল।

দেশটির সিভিল ডিফেন্সের মতে, দক্ষিণ ব্রাজিলে আঘাত হানা বন্যায় ১৭০ জন নিহত, ৮০৬ জন আহত এবং ৫৬ জন নিখোঁজ রয়েছেন। পাশাপাশি ৪৬৯ টি পৌরসভায় ২.৩ মিলিয়ন লোক ক্ষতিগ্রস্থ হয়েছেন।

# গম্ভীর-গাম্ভীর্যে কলকাতার সাফল্য



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** 'হারলেই কেউ হতভাগা হন না, ঘুরে দাঁড়াতে হয়; খেলাধুলা এই শিক্ষা দেয়।' কথাটা শাহরুখ খানের। আইপিএলের তৃতীয় শিরোপা জয়ের পর বলিউড বাদশা ও কলকাতা নাইট রাইডার্সের অন্যতম মালিক বলেন, 'এই ঘুরে দাঁড়ানোর মানসিকতার কারণেই আমি ক্রীড়াবিদ হতে চেয়েছিলাম, অভিনেতা নয়। গত মৌসুমে কেকেআর সাতে শেষ করেছিল। এবার তারা চ্যাম্পিয়ন, যা ঘুরে দাঁড়ানোর উদাহরণ।'

চ্যাম্পিয়ন হতে নতুন খেলোয়াড় কেনা, তাদের ওপর আস্থা রাখা, সেরাটা বের করে আনার সঙ্গে ঠিকঠাক পরিকল্পনা নিতে হয়েছে কেকেআরের। যার পেছনে আছেন ভারতের হয়ে টি২০ বিশ্বকাপ, ৫০ ওভারের বিশ্বকাপ জয়ী এবং খেলোয়াড় ও অধিনায়ক হিসেবে কেকেআরের শিরোপাজয়ী গৌতম গম্ভীর। তিনি দলটির মেন্টরের ভূমিকা পালন করেছেন। টোটকা হিসেবে কাজ করেছে তার 'গাম্ভীর্য নীতি।

যার ধারণা মেলে টুর্নামেন্ট সেরা সুনীল নারিনের বক্তব্যে। আসরের নবম সর্বোচ্চ ৪৮৮ রান ও ১৭ উইকেট নেওয়া নারিন বলেন, ব্যাটিং-বোলিং-ফিল্ডিং তিন বিভাগ মিলিয়ে ক্রিকেটটা এখন উপভোগ করছি। ব্যাটিংয়ে আমার কাজ ছিল স্বাধীনভাবে খেলা। এর পেছনে সাপোর্ট স্টাফ বিশেষ করে গম্ভীর বড় ভূমিকা রেখেছেন। তিনি বলেছিলেন, 'ক্রিজে গিয়ে ব্যাটিং উপভোগ করো। কয়েকটা ম্যাচ জেতাও, পুরো মৌসুম তোমাকে ভালো খেলতে হবে না। এই কথাটা কাজে দিয়েছে।'

গম্ভীর সেরাটা বের করে নিয়েছেন অলরাউন্ডার রমনদীপ সিংয়ের থেকেও। তাঁকে পরিষ্কার বার্তা দিয়ে সাত ও আটে ব্যাটিংয়ের দায়িত্ব দেওয়া হয়। ওই পজিশনে আসরজুড়ে ৬২ বল খেলে ১২৫ রানের ধামাকা দিয়েছেন রমনদীপ। আবার রেকর্ড দামের মিচেল স্টার্ক আসরের শুরুতে হাত খুলে রান দিলেও ভরসা হারাননি গম্ভীর। সেমিফাইনাল-ফাইনাল জিতিয়েছেন ওই স্টার্কই। বাজির ঘোড়া ফিল সল্ট বাজিমাত করেছেন। যখনই দরকার পড়েছে রান করে দিয়েছেন ভেঙ্কটেশ আয়ার ও রিংকু সিংরা। ইনজুরির কারণে গত মৌসুমে খেলতে পারেননি অধিনায়ক শ্রেয়াস আয়ার। ফিট থেকে তাঁর পুরো মৌসুম খেলতে পারা ও নেতৃত্ব দেওয়াও রেখেছে বড় ভূমিকা। কেকেআর কোচ চন্দ্রকান্ত পণ্ডিত, মেন্টর গৌতম গম্ভীর ও অধিনায়ক শ্রেয়াস আয়ারদের কৌশল ছিল 'গাম্ভীর্য' নিয়ে খেলা। শরীরী ভাষায় ভাবটা ধরে রাখা আর মাঠে সাহস দেখানো। গম্ভীর নাকি তথ্য-পরিসংখ্যানের ধার ধারেন না। নামের মতো তাঁর কৌশলই গাম্ভীর্য নিয়ে খেলা। তিনি ইউটিউব চ্যানেলে অশ্বিনকে বলেন, 'আমি তথ্যে বিশ্বাস করি না।' সাবেক সতীর্থ পীযূষ চাওলার দাবিও এমনই, 'অনেকে ভালো ক্রিকেট খেলার কথা বলেন। কিন্তু গম্ভীর কেবল ফলাফল বোঝেন। তিনি তথ্য-উপাত্তে মেতে থাকেন না, গাম্ভীর্য নিয়ে চলেন। সঠিক সময়ে সঠিক লোকটা খুঁজে নেন।'

# প্রথম রাউন্ড থেকেই বিদায় নাদালের



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ১৪ বারের ফ্রেঞ্চ ওপেনের শিরোপা উঠেছে তার হাতে। বলা হয়ে থাকে ক্লে কোর্টের অবিসংবাদিত রাজা তিনি। সব মিলিয়ে রোলাঁ গাঁরোয় ১১৬ ম্যাচ খেলে হেরেছেন তিনি মোটে চারটি। কিন্তু সেখানেই রাফায়েল নাদাল হেরে গেলেন প্রথম রাউন্ডেই। আলেকজান্ডার জেরেভের কাছে স্প্যানিশ তারকা থামলেন ৬-৩, ৭-৬ (৭-৫), ৬-৩ ব্যবধানে।

ম্যাচের শুরু থেকেই বড্ড অচেনা ছিলেন নাদাল। জেরেভের সঙ্গে কোনোভাবেই পেরে ওঠতে পারছিলেন না। প্রথম সেটে হেরে যান সহজেই। দ্বিতীয় লড়াইয়ের চেষ্টা করেও ঘুরে দাঁড়াতে পারেননি। প্রথম দুই সেট হারার পরও নাদালের প্রত্যাবর্তনের গল্প অহরহ। কিন্তু এবার হলো না তেমন! ৩৭ বছর বয়সী এই স্প্যানিশ তারকা হারই মেনে নিলেন জেরেভের কাছে। গ্র্যান্ড স্লাম ক্যারিয়ারে এর আগে কেবল দুবারই প্রথম রাউন্ড থেকে বাদ পড়েছিলেন। কিন্তু সেটা যে ফ্রেঞ্চ ওপেনেও তা কজনই বা ভেবেছিলেন। রোঁলা গাঁরোয় সবমিলিয়ে এটি তার চতুর্থ হার। গত আসরে খেলেননি ইনজুরি ছিল বলে। এরপর উইম্বলডন, ইউএস ওপেন ও অস্ট্রেলিয়ান ওপেনেও খেলতে পারেননি। লম্বা সময় পর ফেরাটা সুখকর হলো না ২২ গ্র্যান্ড স্ল্যামজয়ীর। তাহলে কি প্রিয় কোর্টে শেষ ম্যাচটা খেলে ফেললেন ৩৭ বছরের নাদাল? টুর্নামেন্টের শুরুর আগেও এ ব্যাপারে শতভাগ নিশ্চয়তা দেননি তিনি। তবে আগেই ইঙ্গিত দিয়েছেন চলতি মৌসুম শেষে গুডবাই জানাতে পারেন প্রতিযোগিতা টেনিসকে। হারের পর নাদাল অবশ্য তেমন কিছুই বললেন না। আবার তা উড়িয়েও দিলেন না, 'বলাটা কঠিন, আমি জানি না, এটাই শেষবার কি না। সত্যি বলতে, আমি নিশ্চিত নই। যদি এটাই শেষবার হয়ে থাকে, তাহলে বলব আমি তা উপভোগ করেছি। আজ যে অনুভূতি হচ্ছে তা ভাষায় বর্ণনা করা কঠিন। এ জায়গাটিকে (রোঁলা গাঁরো) আমি সবচেয়ে বেশি ভালোবাসি।'

আগামী জুনে ৩৮-এ পা দেবেন নাদাল। লাল দুর্গে তার আবার ফেরাটা হয়তো প্রায় অসম্ভব। কিন্তু রাজার এমন বিদায় কেইবা মনে রাখতে চায়!

# ওয়ানডে ছাড়ার ইঙ্গিত দিলেন স্টার্ক!



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ৯ বছর পর আইপিএলের মঞ্চে রাজকীয়ভাবেই ফিরেছিলেন মিচেল স্টার্ক। ইতিহাসে সর্বোচ্চ ২৪ কোটি ৭৫ লাখ রুপি দিয়ে তাকে কিনে নেয় কলকাতা নাইট রাইডার্স। বাঁহাতি এই পেসারের শুরুটা মলিন হলেও এবারের আসরে শেষটা হয়েছে দুর্দান্ত। ফাইনালে সানরাইজার্স হায়দরাবাদকে হারিয়ে শিরোপা জিতেছে কলকাতা নাইট রাইডার্স। মাত্র ১৪ রানে ২ উইকেট নিয়ে ফাইনালে ম্যাচসেরা হন স্টার্ক। আইপিএল জয়ের পর ফ্র্যাঞ্চাইজি ক্রিকেটে নিয়মিত হওয়া নিয়ে নতুন করে ভাবছেন এই অজি পেসার। সেজন্য অবসর নিতে পারেন ওয়ানডে ক্রিকেট থেকে।

স্টার্ক বলেন, 'শেষ ৯ বছরে আমি অস্ট্রেলিয়ান ক্রিকেটকে প্রাধান্য দিয়েছি। নিজের শরীরকে বিশ্রামের সুযোগ দিয়েছি ও ক্রিকেটের বাইরে কিছু সময় স্ত্রীর সঙ্গে কাটিয়েছি, তাই শেষ ৯ বছরে এসব নিয়েই ভেবেছি। দেখুন, আমি নিশ্চিতভাবে ক্যারিয়ারের শুরুর চেয়ে শেষের দিকেই আছি। একটা ফরম্যাট হয়তো ছেড়ে দিতে হবে।'

'পরবর্তী ওয়ানডে বিশ্বকাপ হতে অনেক সময় বাকি এবং এই সংস্করণটা আমি চালিয়ে যাব কি না...এটা হয়তো ফ্র্যাঞ্চাইজি ক্রিকেটের দরজা আরও খুলে দেবে।'

৯ বছর পর আইপিএলে ফিরে স্টার্ক বলেন, 'আমি মৌসুমটা খুব উপভোগ করেছি। এটা দারুণ ছিল! এটার আরেকটা লাভ হলো, টুর্নামেন্টটি হয়েছে বিশ্বকাপের আগে। বিশ্বকাপের আগে অসাধারণ সব খেলোয়াড়ের মুখোমুখি হতে পেরেছি। বিশ্বকাপের আগে এটা দারুণ এক ব্যাপার!'

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR